Special Issue for Salafi Conference'25

The Reaml of knowledge

# ILM SPHERE

## MAGAZINE

Vol. 01, Issue 01 | Nov'2025







Special Issue for Salafi Conference'25
The Reaml of knowledge
ILM SPHERE
MAGAZINE
Vol. 01, Issue 01 | Nov'2025

IlmSphere
Exploring Knowledge, Expanding Faith
ESTABLISHED 2025

# About
# Ilm Sphere

Ilm Sphere is an inspiring and thoughtful initiative of Al-Jami'ah As-Salafiyyah, created to help students expand their knowledge beyond the limits of classroom learning. It encourages the habit of reading, builds confidence in public speaking and debate, sharpens reasoning, and nurtures leadership and organizational skills — preparing young minds to serve as the future leaders of the Muslim Ummah.

Ilm Sphere believes that real leadership is born from the harmony of knowledge, character, and reflection. It's not just another student activity; it's a space where ideas grow, minds open, and students learn to think critically and act with purpose.

Through its wide range of programs, Ilm Sphere helps students express their thoughts with logic, speak with wisdom and confidence, and lead with sincerity and vision.

In essence, Ilm Sphere stands as a quiet movement of intellectual awakening — where knowledge turns into thought, and thought blossoms into leadership.




**Ilm Sphere Magazine**
Volume 01 Issue 01 November 2025

Published by
***Ilm Sphere*** –ইলম স্ফিয়ার

Price: 150 TK only

The spelling of the name
“Ilm Sphere”
written in three languages.

ইলম স্ফিয়ার

علم إسْفِيَار

IlmSphere
Exploring Knowledge, Expanding Faith
ESTABLISHED 2025

**Ilm Sphere**

# Gallery




ইলম স্ফিয়ার আয়োজিত প্রথম বিতর্ক প্রতিযোগিতার ব্যানার




ইলম স্ফিয়ার আয়োজিত দ্বিতীয়তম বিতর্ক প্রতিযোগিতার পুরষ্কার















সালাফি কনফারেন্স'২৫ উপলক্ষ্যে আমাদের প্রকাশিত বাংলা, আরবি, উর্দু ও ইংরেজি ভাষায় দেয়ালিকার কিছু চিত্র।



ADVISOR OF ILM SPHERE

**ABDUL BARI BIN SULAIMAN**

EX–TEACHER, AL JAMIYAH AS SALAFIYAH, RAJSHAHI

COORDINATOR

**MD MUSTAFIJUR RAHMAN**

VICE DEEN OF STUDENT AFFAIRS

AL–JAMI'AH AS–SALAFIYYAH RAJSHAHI

EDITOR-IN-CHIEF

**SAYED AL MAHMUD**

ASSISTANT EDITOR

**MARUF HASSAN (986)**
**ABDULLAH AL MUSFIQ (1413)**
**MUNSIF AL ANAM (753)**
**EADUL HAQUE (960)**
**EBRAHIM DEWAN (1238)**
**RASHED ISLAM (1986)**
**ASADULLAH AL GALIB (755)**
**ASIFUR RAHMAN (3060)**
**SOJIB AHMAD (1219)**
**ABDULLAH (3401)**
**SHAHARIYAR (985)**
**MURSALIN (1119)**
**SAROER (1018)**
**ABDUL ALIM (937)**

WRINGTING

**MOZAFFAR HOSSAIN (935)**
**AHMAD NAHID (761)**
**ABDULLAH (780)**

ART DIRECTION

**AHSAN HABIB (968)**
**MAHBUB (1220)**
**MUAS AL RAFI (4050)**

PHOTOGRAPHERS & MEDIA

**ADEL (3396)**
**JUNAYED (701)**

OUR CONTRIBUTORS

**ABDULLAH ANSARY (970)**
**MOSADDEK ISLAM (1135)**
**SALAH UDDIN (1053)**
**SHAHRIYAR (1055)**
**SAJEDUR RAHMAN (987)**
**MAHMUD HASAN MAHI (1262)**
**WASIM ALI (2190)**
**ASADULLAH AL GALIB (940)**
**NAIM ISLAM (760)**
**TARIKUL ISLAM (550)**
**SAMIUL ISLAM (2061)**

# Table of Contents


01 The spelling of the name “Ilm Sphere”

02 Gallary

05 Messages

11 বিশ শতকের প্রথমার্ধে বাংলার মুসলিম সমাজে শ্রেণি রূপান্তর
ড. রওশন আরা আফরোজ

17 The Anatomy of Misleading Campaigns on Social Media
Sayed Al Mahmud

19 আলোর পথে যাত্রা
আব্দুল বারী বিন সোলায়মান

20 The Value of Time in Student Life
Md. Mustafijur Rahman

24 মুসলিম সম্প্রদায়ের উত্থান ও বিকাশ
নাসের উদ্দিন

25 আমাদের নতুন শিক্ষানীতি প্রয়োজন
সাঈদ আল মাহমুদ

26 মুসলিম বিজ্ঞানীদের হাতেই আধুনিক সভ্যতার সূচনা
আব্দুল্লাহ আল মুশফিক

27 قوام كل بلد وقوم الدراسة والاقتصاد
عبد الله

28 الحسد داء الأمة ودواؤها في الأخوة
سيد منصف الأمان

29 আল কোরআন ও বিজ্ঞান
আহসান হাবিব

31 মুসলিমদের ঐক্যের ক্ষতিসাধনে গণতন্ত্রের ভূমিকা
আসিফুর রহমান

33 "Two-Minute Rule"
MD. Sajib Ahmad

34 Time the most powerful thing
Adil bin Forkan

35 ইসলামের প্রথম খলিফাআবু বকর (রা.)
আব্দুল আলীম

36 The 4 Oldest Universities In The Muslim World
Sojib Ahmed

37 আব্বাসীয় খলিফা সাইফুদ্দিন কুতুয
আবু সায়েম

38 সাতাইশ ফেব্রুয়ারি ২০০১
আব্দুল্লাহ

40 অজান্তেই ইন্ডিয়ার বর্ডারে একদিন
মারুফ হাসান

42 তাদের সমালোচনা
মোরসালিন

43 বন্ধু
সৈয়দ রাসেল

43 ইলম ইস্ফিয়ার
সাদি মোহাম্মাদ

44 ABOUT INTENTION
Md. Eadul Hoque

45 প্রশ্নোত্তরে সর্বশেষ ইসলামী খেলাফতের পতন
ইব্রাহীম দেওয়ান ও রাশেদ ইসলাম

47 আমাদের কার্যক্রম
আসাদুল্লাহ আল গালিব


IlmSphere
Exploring Knowledge Expanding Faith
ESTABLISHED 2025

# Principal

"ইলম স্ফিয়ার" ম্যাগাজিন (১ম বর্ষ, ১ম সংখ্যা) প্রকাশ উপলক্ষে

আল-জামি'আহ আস-সালাফিয়্যাহ-এর উদ্যোগে শিক্ষার্থীদের সম্পাদনায় প্রকাশিত "ইলম স্ফিয়ার" ম্যাগাজিনের প্রকাশনা সংবাদে আমি অত্যন্ত আনন্দিত। এই উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয়, যা প্রমাণ করে যে প্রতিষ্ঠানটি শুধু পাঠ্যপুস্তকভিত্তিক জ্ঞান নয়, বরং চিন্তাশীলতা, সাহিত্যচর্চা ও চরিত্র গঠনের প্রতিও অঙ্গীকারবদ্ধ।

এই উদ্যোগ ইনশাআল্লাহ শিক্ষার্থীদের গভীরভাবে চিন্তা করতে, সুন্দরভাবে লিখতে এবং প্রজ্ঞা ও আন্তরিকতার সাথে নিজেদের প্রকাশ করতে অনুপ্রাণিত করবে। পাশাপাশি, এটি নেতৃত্ব, আত্মবিশ্বাস ও দায়িত্ববোধ গঠনে সহায়ক ভূমিকা রাখবে।

আল্লাহ তায়ালা সম্পাদকমণ্ডলী ও লেখকবৃন্দকে উত্তম প্রতিদান দিন এবং এই উদ্যোগকে জ্ঞানের প্রসার ও দ্বীনি সেবার এক স্থায়ী মঞ্চে পরিণত করুন। আমিন।

IlmSphere
Exploring Knowledge, Expanding Faith
ESTABLISHED 2025

Shaikh Abdur Razzak Bin Yousuf
Principal
Al-Jami'ah As-Salafiyyah, Rajshahi.
Chairman
Nibras Islamic Research Foundation
Dangipara, Paba, Rajshahi

# Upazila Nirbahi Officer(UNO)

On the Occasion of the Publication of "Ilm Sphere" Magazine (1st Year, 1st Issue)

I am happy to learn that Al-Jami'ah As-Salafiyah, Paba Upazila has started an intellectual platform "Ilm Sphere" to develop students' knowledge, oratory, debating and leadership skills. The publication of its first magazine is really appreciable.

Such activities alongside academic studies play a big role to develop students' intellect, reasoning and leadership qualities. These activities make them think creatively, act responsibly and contribute to the society.

I hope "Ilm Sphere" will be a source of inspiration for students to reflect themselves, think critically and bring positive change in the society.

My heartiest congratulations and best wishes to all the teachers, students and organizers of Al-Jami'ah As-Salafiyah. May Allah bless this noble initiative with success and continuity. Ameen.

28/10/25

Arafat Aman Aziz
Upazila Nirbahi Officer
&
Executive Magistrate
Paba, Rajshahi.

IlmSphere
Exploring Knowledge, Expanding Faith

# Chief Administrative Officer

“নিবরাস ইসলামিক রিসার্চ ফাউন্ডেশনের তত্ত্বাবধানে আল জামিয়াহ্ আস-সালাফিয়াহ্, রাজশাহীর শিক্ষার্থীদের ‘ইলম স্ফিয়ার’ পত্রিকা প্রকাশের এই উদ্যোগ সত্যিই প্রশংসনীয়।

জ্ঞানচর্চা ও লেখালেখির মাধ্যমে তারা ইলমের পরিমণ্ডলকে আরও সমৃদ্ধ করছে। যা আমাদের প্রতিষ্ঠানের লক্ষ্য ও আদর্শের এক উজ্জ্বল প্রতিফলন। আমি এই মহৎ উদ্যোগের সফলতা কামনা করছি।

আল্লাহ তাআলা যেন তাদের প্রচেষ্টা কবুল করেন এবং কলমের আলোয় সমাজকে আলোকিত করার তাওফিক দান করেন।”

**Faridul Islam**
Chief Administrative Officer
Nibras Islamic Research Foundation
Dangipara, Paba, Rajshahi

IlmSphere
Exploring Knowledge, Expanding Faith
ESTABLISHED 2025

# Director

The students at Al-Jami‘ah As-Salafiyah aren’t just hitting the books—they’re diving into Ilm Sphere, a platform that’s getting them excited about reading, helping them become better speakers, sharpening their reasoning and debate skills, and building up their leadership and organizational chops. All of this is about shaping future leaders for the Muslim Ummah. I’m genuinely excited to share some good news: the very first issue of Ilm Sphere Magazine is launching right as the Salafi Conference ’25 kicks off. That’s a big deal, since the conference is all about celebrating knowledge, da’wah, and leadership. This magazine isn’t just another school project—it’s here to spark real conversations and push the next generation of Muslim thinkers and leaders to step up.

Ilm Sphere isn’t just about writing articles. It’s about spreading knowledge, encouraging critical thinking, and inspiring leadership that stays true to Islamic values. I have no doubt that this platform will help students unlock their creativity, build confidence, and find new ways to give back to the Ummah. I hope every article in this issue offers something valuable—whether it’s wisdom, a new perspective, or a bit of guidance—to help our youth build a more knowledgeable and ethical Muslim society.

I really want to thank everyone who made this possible—the teachers, the students, and especially the Grade 8 students who poured their energy into this magazine. May Allah reward this effort with success, continuity, and blessings that last. Ameen

**Sayed Al Mahmud**
Director
Ilm Sphere- ইলম স্ফিয়ার

# Vice Deen of Student Afairse

In the name of Allah, the Most Gracious, the Most Merciful

Alhamdulillah, by the endless blessings of Allah, the first magazine of the student platform "Ilm Sphere" is being published. Undoubtedly, this is a moment of joy and historical significance for all of us.

The name "Ilm Sphere" not only conveys the message of knowledge but also acts as a platform for thought, research, and creativity. Our aim is not just to publish a magazine but to foster a love for knowledge, a sense of responsibility, and an Islamic spirit among the younger generation.

The Messenger of Allah ﷺ said: 'Whoever sets out in search of knowledge, Allah makes the path to Paradise easy for him." (Sahih Muslim) This Hadith inspires us deeply. We hope that every student becomes exemplary in both knowledge and character, pure in thought, and a bearer of positive societal change.

I trust that the "IlmSphere" magazine will enlighten students' minds with the light of thought, the message of ethics, and the fragrance of Islamic values. It is a small yet firm step toward building a knowledge-based society.

May Allah accept our efforts, bless our deeds, and make "Ilm Sphere" a radiant beacon of knowledge. Ameen, O Lord of the Worlds.

**Md Mustafijur Rahman**

Coordinator

Ilm Sphere Magazine,

Vice Deen of Student Affairs

Al-Jami'ah As-Salafiyyah

Dangipara, Paba, Rajshahi

IlmSphere
Exploring Knowledge, Expanding Faith
ESTABLISHED 2025

# Editorial Note

Do you know what IlmSphere is? It is a platform improving knowledge, located at al Jamiah as Salafiyah in Rajshahi. When we were students of class seven at Al Jamiah As Salafiyah in September 2024, it was established by. The dreamer of this platform is Abdul Bari bin Sulaiman – Ex-Teacher at Jamiya. Who dreamed of stablishing a library for us to improve fluent bangla speech in front of people through reading books. The students promised him that they would stablish the library soon. After some days they fulfilled their promise and stablished the library. At first the library was started by the name of "KAKTALIYO", and people knew that it is just a library but the name was changed to IlmSphere in this year in 2025. Now it is known as a platform.

The present director of this platform is Sayed Al Mahmud. He directs us with great skills. We work hard to improving the IlmSphere. There are many sections under the platform such as Library, Debating Club, Reading Circle, Wall Magazine etc. there are all responsible person in every section. Now there are many books in our library section. These books are different categories, like history, literature, novel, poem, Islamic, science, fun stories etc. every member of the Ilm Sphere takes book on thursday from the responsible person of the library and returns book after reading next thursday with book review.

The wall magazine section displays magazines with great skill. Published in deferent language such as Bangla, English & Arabic. there are many goals of the platform, such as improving our speaking skill fluently in front of people by participating debates, learning general knowledge by participating in the reading circle. We pray to almighty Allah for improving the platform. We hope you also will pray to almighty Allah. May Allah helps us. Ameen

# বিশ শতকের প্রথমার্ধে বাংলার মুসলিম সমাজে শ্রেণি রূপান্তর

**ড. রওশন আরা আফরোজ**
সহযোগী অধ্যাপক
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

[সারসংক্ষেপ: দেশ বিজয়, ধর্মপ্রচার ও স্থানীয় জনগণের ধর্মান্তরিতকরণ, জন্মসূত্রে ও বৈবাহিক সম্পর্ক স্থাপনের মাধ্যমে বাংলায় মুসলিম সমাজ গড়ে ওঠে। ১৭৫৭ সালের পলাশীর যুদ্ধ এবং ১৭৬৪ সালের বক্সারের যুদ্ধে বাংলার নবাবের পরাজয়ের ফলে বাংলায় ইংরেজ শাসন প্রতিষ্ঠিত হয়। এ সময় হতে মুসলমানেরা চরম বিপর্যয়ের মধ্যে পতিত হতে থাকে। ১৮৩৭ সালে ফারসি ভাষার স্কুলে ইংরেজিকে সরকারি ভাষার মর্যাদা দেওয়া হয়। পলাশীর যুদ্ধের পূর্ব পর্যন্ত বাংলার সার্বভৌম ক্ষমতা মুসলমানদের হাতে থ্যকায় প্রথমদিকে মুসলমানেরা ইংরেজ শাসন ও ইংরেজি শিক্ষা থেকে নিজেদের দূরে সরিয়ে রাখে। ফলে শাসন ক্ষমতা থেকে শুরু করে বিচার, রাজস্বসহ সকল বিভাগে মুসলমানদের স্থান সংকুচিত হয়ে পড়ে। এসময় ইংরেজ শাসন ও ইংরেজি শিক্ষা গ্রহণের মাধ্যমে প্রতিবেশী হিন্দু সমাজে নব্য জমিদার ও ইংরেজি শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির সৃষ্টি হয় যারা নিজেদের ইংরেজ শাসনের সহযোগী হিসেবে গড়ে তোলে। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলার মুসলিম সমাজও ইংরেজি শিক্ষার গুরুত্ব অনুধাবন করে। ফলে মুসলিম সমাজে একটি ইংরেজি শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির সৃষ্টি হতে থাকে। এরাই বিভিন্ন পত্র-পত্রিকা, সভা-সমিতি গঠন করে মুসলিম সমাজে জাগরনের সৃষ্টি করে। বিশ শতকে এ শ্রেণি সচেতন মুসলিম সমাজে রাজনৈতিক চেতন্যর সৃষ্টি হয়। আধুনিক সমাজে পাশ্চাত্য শিক্ষার প্রভাবে সমাজ বিন্যাসে আমূল পরিবর্তন আসে। আধুনিক শিক্ষা, আর্থিক সমৃদ্ধি ও সামাজিক প্রতিষ্ঠাই বিশ শতকে মুসলিম সমাজবিন্যাসের প্রধান মাপকাঠি হয়ে দাঁড়ায়। বাংলার সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে তারা অধিকার আদায়ের লক্ষ্যে কাজ করতে থাকে। এ শতকের শেষার্ধে ব্যঙালি মুসলিম সমাজ একটি নতুন পরিচয়ে বিশ্বে মাথা তুলে দাঁড়ায়। বিভিন্ন ঘটনাপ্রবাহের ধারাবাহিকতায় বিশ শতকের প্রথমার্ধে বাংলার মুসলিম সমাজে যে শ্রেণি রূপান্তর ঘটেছে সে সম্পর্কে আলোচনার একটি প্রয়াস এ নিবন্ধটি।]

সামাজিক শ্রেণি নিরূপন করা হয় মূলত আর্থিক মাপকাঠিতে। সামাজিক শ্রেণিসমূহ হচ্ছে এক একটি বাস্তব গোষ্ঠী, যাদের আইনানুগ ও ধর্মীয়ভাবে সংজ্ঞায়িত করা যায় না এবং এসব এভাবে অনুমোদিতও নয়। এগুলো আপেক্ষিকভাবে মুক্ত, বন্ধ নয়। বলা যায় এসবের ভিত্তি অর্থনৈতিক, কিন্তু এগুলো নিছক অর্থনৈতিক গোষ্ঠীর চেয়েও ব্যাপক (সেন, ১৯৯৭: ৭)। প্রাচীন বাংলার সমাজ যেমন বিভিন্ন বর্ণে তেমনি বিভিন্ন অর্থনৈতিক শ্রেণিতে বিভক্ত ছিল। সামাজিক ধনের উৎপাদন ও বন্টনানুযায়ী সমাজে অর্থনৈতিক শ্রেণির উদ্ভব ও স্বরভেদ দেখা দেয়। যে সমাজের উৎপাদিত ধনের উপর সকলের সমান অধিকার, ব্যক্তিগত ধনাধিকার যে সমাজে স্বীকৃত নয়, সেই সমাজে শ্রেণিবিন্যাসের প্রশ্ন অবান্তর (রায়, ১৪০০: ২৬১)। সুতরাং এটা স্পষ্ট যে, অর্থনীতি বা আর্থিক মানদন্ডই শ্রেণিবিন্যাসের অন্যতম মাপকাঠি। লেনিন এর মতে, 'Classes are large groups of people differing from each other by the place they occupy in a historically determined system of social production, by their relation (in most cases fixed and formulated by law) to the means of production, by their role in the social. organization of labour and consequently, by the dimensions of the share of social wealth of which the dispose and the mode of acquiring it. Classes are groups of people one of which can appropriate the labour of another owing to the different places they occupy in a definite system of social economy', ম্যাকস ওয়েবারের মতে, 'The term class satus will be applied to the typical probability that a given state of a. Provision with goods, b. External conditons of life and c. Subjective satisfaction or frustration will be possessed by an individual or a group', সংজ্ঞা অনুযায়ী কোন বিশেষ অর্থনৈতিক কাঠামোর মধ্যে কোন ব্যক্তি বা গোষ্ঠী সামাজিক সম্পদের কত অংশের ওপর দখল কায়েম করতে পেরেছে বা পারে নি, তারই ভিত্তিতে সমাজে সেই ব্যক্তির বা গোষ্ঠীর 'শ্রেণি মর্যাদা' নির্ণীত হয় (ইসলাম, ১৯৯৪: ৫৮-৬০)। শ্রেণি সম্পর্কে একটি প্রাথমিক ধারণার নিমিত্তে বলা যায় যে, শ্রেণি হল একটি আধুনিক অর্থনৈতিক সংজ্ঞা যা নতুন উৎপাদন পদ্ধতি বিকাশের কারণে আত্মপ্রকাশ করে থাকে। সুতরাং এটা বলা যায় যে, একটি শ্রেণিগঠন প্রক্রিয়ায় অর্থনৈতিক কার্যকলাপ মুখ্য ভূমিকা পালন করে থাকে। শ্রেণি নানা ধরণের হতে পারে। যেমন- occupational, industrial, social, ideo-political-economic and income classes (ভূইয়া, ২০০২:১০)।

পলাশীর যুদ্ধের পূর্ব পর্যন্ত বাংলার শাসন ক্ষমতা অভিজাত মুসলমানদের হাতে ছিল, তাই দীর্ঘদিন তারা ইংরেজ শাসনকে মেনে নিতে পারেনি। ১৭৬৫ সালে দেওয়ানী লাভের পর রাজস্ব বিভাগেও ব্রিটিশদের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। ইংরেজ কর্তৃক ১৭৯৩ সালে স্থায়ী বন্দোবস্ত প্রবর্তনের দ্বারা পূর্বেকার ভূমি ব্যবস্থার প্রয়োজনীয় সংস্কার সাধন করা হয়। এই ব্যবস্থার সাথে 'সূর্যাস্ত আইন' যুক্ত করায় পুরনো হিন্দু ও মুসলমান জমিদারী নব্য হিন্দু বিত্তবানদের হাতে চলে যায় (আহমদ, ১৯৯৭: ২৯-৩১)। অন্য দিকে উত্তরাধিকার আইনের ফলে মুসলমানদের জমিদারী ভেঙ্গে টুকরো টুকরো হয়ে যাওয়ায় এককালের জমিদার কয়েক দশকের ব্যবধানে ভূমি-কৃষকে পরিণত হয় (Report on the Census of India, 1901: 442)। ১৮২৮ সালের 'নিস্কর ভূমি বাজেয়াপ্ত আইনে' এসব সম্পত্তির অধিকাংশ মুসলমানদের হাতছাড়া হয়ে যায় এবং বহু সম্ভ্রান্ত পরিবার দরিদ্র বা ধ্বংস হয়ে যায় (আহমদ, ১৯৯৭: ৩২)।

১৮৩৫ সালে সরকারি প্রশাসনে ও শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি শিক্ষা প্রবর্তন করা হয়। ১৮৪৪ সালে চাকরির ক্ষেত্রে নিয়োগ পদ্ধতির পরিবর্তন করা হয়। মুসলমানগণ দুর্ভাগ্যবশত বাংলার পরিবর্তিত শাসনব্যবস্থার উপযোগী করে নিজেদের গড়ে তুলতে পারে নি। ইংরেজি শিক্ষা থেকে নিজেদের দূরে সরিয়ে আরবি ও ফারসি শিক্ষার মধ্যে সীমাবদ্ধ থাকায় ইংরেজি শিক্ষার ফলে উদ্ভুত নানা সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হয়ে মুসলমানগণ রাষ্ট্রের বিভিন্ন বিভাগের চাকরি থেকে বঞ্চিত হয়ে পড়ে। এ ক্ষেত্রে সম্ভ্রান্ত ও উচ্চ পরিবারের মুসলমানগণ ক্ষতিগ্রস্ত হয়েছেন বেশি (রাব্বী, ১৯৬৮: ১৫০-১৫২)। কৃষক, শ্রমিক, তাঁতী অর্থাৎ বিত্তহীন নিম্ন শ্রেণিও কোম্পানির এ শোষণ থেকে রেহাই পায় নি (আহমদ, ১৯৯৭: ৩৩)। এ ঘটনাসমূহ মুসলমানদেরকে সমাজের উচ্চতর স্তর থেকে একেবারে নিম্নতর স্তরে ঠেলে দেয় (করিম, ১৯৯৯: ২৯৪)। ইংরেজি শিক্ষা থেকে দূরে থাকায় মুসলিম সমাজে নেতৃত্বের অভাব পরিলক্ষিত হয়।

ইংরেজগণ ক্রমে ক্রমে সমগ্র দেশব্যাপী একটি সমন্বিত শিক্ষা ব্যবস্থার প্রবর্তন করেন। পাশ্চাত্য বিদ্যা শিক্ষা পদ্ধতির আমদানি, বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি, শিক্ষার হার বৃদ্ধির সাথে শিক্ষক-অধ্যাপক শ্রেণির সংখ্যা বৃদ্ধি পায়। এছাড়া বিভিন্ন পেশাদার অপেশাদার বুদ্ধিজীবী শ্রেণির উদ্ভব হয়। ভারতীয় শহরগুলোতে প্রধানত সরকারি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের কর্মচারী, শিক্ষক, ডাক্তার, আইনজীবী প্রভৃতি বুদ্ধিজীবীর সমন্বয়ে মধ্যবিত্ত শ্রেণি গড়ে ওঠে (আহমদ, ১৯৯৭: ৪২)। কোম্পানি কর্তৃক শাসনভার গ্রহনের পর কলকাতা রাজধানীর মর্যাদা লাভ করে। কলকাতার আদর্শেই দেশের মফঃস্বল শহরগুলোতে মধ্যবিত্তের বিকাশ হয়। গ্রামাঞ্চলে ভূমির সাথে সম্পৃক্ত ভূস্বামী, তালুকদার, পত্তনিদার, গাঁতিদার, জোতদার, দাদনদার, মহাজন ও জমিদারী আমলা নিয়ে মধ্যবিত্ত শ্রেণি পূর্ব থেকেই ছিল। ব্যবসায়িক, পেশাগত এবং ভূমি সম্পৃক্ত মধ্যবিত্ত শ্রেণি এ তিনটি ধারা আধুনিক মধ্যবিত্তের প্রধান উপাদান। তবে ইংরেজদের সহযোগিতায় যে মধ্যবিত্ত শ্রেণির উদ্ভব হয় তা প্রধানত প্রশাসনিক চাকরি ও ক্ষুদ্র ব্যবসাকে কেন্দ্র করে গড়ে ওঠে (Misra, 1961: 5-12)
উনিশ শতকেও বাংলার মুসলিম সমাজ 'আশরাফ' (উচ্চ বংশীয়) এবং 'আতরাফ' (নিম্ন বংশীয়) এই দু'টি শ্রেণি নামে পরিচিত ছিল (ভূইয়া, ১৯৯৫: ২৫)। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলার মুসলিম সমাজ নতুন পথে যাত্রা করে। পাশ্চাত্য বিদ্যা ও ইংরেজি শিক্ষা গ্রহণ করায় মুসলমান সমাজে নব চেতনা জাগ্রত হয় (আহমদ, ১৯৯৭: ৪৪)। মুর্শিদাবাদে মুসলমানদের জন্য প্রতিষ্ঠিত নিজামত কলেজে এবং হাজী মুহম্মদ মহসীনের দানে স্থাপিত হুগলী কলেজে ইংরেজি শিক্ষালাভের সুযোগ ছিল (আনিসুজ্জামান, ২০০১: ৪৩)। কলকাতা মাদ্রাসায় ১৮২৯ সালের দিকে ইংরেজি ক্লাশ খোলা হলেও ইংরেজি পড়ার ব্যয় সংকুলানের ক্ষমতা মুসলমান ছাত্রদের ছিল না (মল্লিক, ১৯৮২: ২০৬)। আর্থিক সঙ্গতির অভাবে বাঙালি মুসলমানরা পিছিয়ে পড়ে। ১৮৫১ সাল পর্যন্ত কলকাতা মাদ্রাসা থেকে দুই জন নবাব আব্দুল লতিফ ও ওয়াহিদ্‌স্টননবী এবং হুগলী কলেজ থেকে মুসা আলী ও ওয়ারিস আলী জুনিয়র স্কলারশীপ পরীক্ষায় উত্তীর্ণ হন (আনিসুজ্জামান, ২০০১: ৪৩-৪৪)। উনিশ শতকের দ্বিতীয়ার্ধ থেকে কিছু সংখ্যক মুসলমান উপলব্ধি করতে পারেন যে, আধুনিক শিক্ষা থেকে মুখ ফিরিয়ে থাকার অর্থই হল মুসলমান সমাজের পশ্চাৎপদ অবস্থাকে পাকাপোক্ত করা। নবাব আব্দুল লতিফ এবং সৈয়দ আমীর আলী এ সময় শিক্ষা আন্দোলন শুরু করেন (আহমদ, ১৯৯৭: ৫০)। এই সময় শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে মুসলমান ছাত্র দেখা যায়। তারা বিভিন্ন সংঘ গড়ে তোলেন। যেমন: মোহামেডান লিটারেরি সোসাইটি, সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান এসোসিয়েশন ইত্যাদি (জোয়ারদার, ১৯৮৬:১২)।

১৮৫৫ সালে শ্রীরামপুরের সন্নিকটে দেশের প্রথম পাটকল স্থাপিত হলে, উত্তর ও পূর্ব বাংলার পাটের তৈরী হস্তশিল্প ধ্বংস হয়েছিল। পরবর্তীতে ১৮৭৯-৮০ সাল থেকে পাট উৎপাদন ও পাটের চাহিদা বৃদ্ধি পায়, ফলে পাটকলের সংখ্যা বাড়তে থাকে এবং মুসলিম চাষীদের অর্থনৈতিক অবস্থার পরিবর্তনের সূচনা হয় (ভূইয়া, ১৯৯৫: ৭৪-৭৫)। ১৮৫৩ সালে রেলপথ চালু হয় যার সম্প্রসারনের কাজ ১৯০০ সাল পর্যন্ত অব্যাহত ছিল (বাংলাপিডিয়া, ২০১১: ২২৭-২২৮)। উনিশ শতকের শেষ এবং বিশ শতকের প্রথম দিকে বাংলায় মুসলিম সাংবাদিকতার (সৈয়দ আবদুল রহিমের 'বালারঞ্জিকা', কাজী আবদুল খালেকের 'মোহাম্মদী আখবার', এম, নাসিরুদ্দীন আহমদের 'সোলতান', শেখ ফজলুল করিমের 'বাসনা', মোঃ নাসির উদ্দীনের 'সওগাত' প্রভৃতি) গোড়াপত্তন হয় (ভূইয়া, ১৯৯৫: ১১৭-১১৯)। এরা পত্র-পত্রিকা সম্পাদনা এবং সভা-সমিতির মাধ্যমে যে আন্দোলন গড়ে তুলেছিলেন তা ছিল বাংলার মুসলমানদের জন্য ধর্মগত ও সমাজগত দিক দিয়ে আত্মচেতনা ও নবজাগরণ লাভের আন্দোলন (আহমদ, ১৯৯৭: ৩৭৯)। যার ফলে বাংলার মুসলিম সমাজ থেকে অজ্ঞতা, অন্ধবিশ্বাস, গোঁড়ামী, কুসংস্কার প্রভৃতি হ্রাস পেতে থাকে। আর ইংরেজি শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির মধ্যে আধুনিক শিক্ষা ও সভ্যতার প্রতি আগ্রহ বাড়তে থাকে। এই শিক্ষিত শ্রেণি ক্রমেই রাজনীতি সচেতন হয়ে ওঠে। তাঁরা মুসলিম সমাজের নেতৃত্ব গ্রহণ করে বিভিন্ন সংগ্রামে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশগ্রহণ করে। এই সব পত্র-পত্রিকায় ব্রিটিশ শাসন, ইংরেজি শিক্ষা, হিন্দু ও কংগ্রেসের প্রতি বুদ্ধিজীবী সমাজের দৃষ্টিভঙ্গী ফুটে ওঠে (দে, ২০১১: ১৪৮)।
উনিশ শতকের শেষ দশকে ও বঙ্গভঙ্গের আগে বাঙালি মুসলমান বা উঠতি চাকরিজীবী মধ্যবিত্ত শ্রেণিকে হঠাৎ করে নিজেদের পশ্চাৎপদ অবস্থা সম্পর্কে সজাগ হয়ে উঠতে দেখা যায়। তৎকালীন বাঙালি মধ্যবিত্ত শ্রেণির অন্যতম জীবিকা চাকরি ও সামাজিক প্রতিষ্ঠার অন্যান্য ক্ষেত্রে হিন্দুদের তুলনায় পশ্চাৎপদতা তাদের ক্রমেই নিজেদের দুর্বলতা সম্পর্কে সচেতন করে তুলেছিল। এ চিন্তা একদিকে যেমন নিজেদের অতীত ভ্রান্তি সম্পর্কে তাদের সচেতন করে তুলেছিল অন্যদিকে তেমনি নিজেদের বাঙালি হিন্দু মধ্যবিত্ত শ্রেণির বিপরীতে পৃথক সত্তা হিসাবে প্রকাশ করার চেষ্টা দেখা যায়। বঙ্গভঙ্গের ফলে হিন্দু মধ্যবিত্ত শ্রেণির স্বদেশী আন্দোলন এই বিভেদ দ্রুত স্থায়ী করে তোলে। কারণ বঙ্গভঙ্গকে কেন্দ্র করে হিন্দু ও মুসলমান মধ্যবিত্ত শ্রেণির স্বার্থ বিপরিতমুখী হয়ে দাঁড়ায়। ১৯০৫ সালে বাঙালি হিন্দু ও মুসলমান মধ্যবিত্ত শ্রেণির এই বিভক্তি বাংলার সাম্প্রদায়িক খণ্ডনের সূচনা ঘটায় যা ১৯৪৭ সালে বাস্তব রূপ নিয়েছিল (রহমান, ১৯৭৮: ১৪২)। বঙ্গভঙ্গ পূর্ব মুসলমান সমাজ তেমন সংহত ছিল না। এ সমাজে যেমন বিচ্ছিন্নতা ছিল তেমনি ছিল শ্রেণি বৈষম্য। জেলা গেজেটিয়ারের লেখকদের বর্ণনায় দেখা যায়, আশরাফ বা উচ্চবংশীয় মুসলমানগণ শারীরিক শ্রমকে এড়িয়ে যাওয়ার চেষ্টা করত এবং তারা স্থানীয় মুসলমানদেরকে আজলাফ বা 'নিম্ন জীবনমাত্রার জনগোষ্ঠী' বলে মনে করত।

১৯০৫ সালের আগে বাংলার গ্রাম এবং মফস্বল শহরগুলিতে যে মুসলমান এলিট গোষ্ঠীগুলির বাস ছিল, তাদের সাথে মুসলমান কৃষক, শ্রমিক কিংবা অন্যান্য নিম্নবর্গভুক্ত লোকদের তুলনায় হিন্দু এলিটদেরই মিল ছিল অনেক বেশি। নীরদচন্দ্র চৌধুরী বঙ্গভঙ্গপূর্ব সময়ে ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ শহরে তার ছোট বেলার বর্ণনা দিয়েছেন এভাবে- 'পূর্ব বাংলায় (সাম্প্রদায়িক) বিদ্বেষের স্থান ছিল না মুসলমানদের সংখ্যার কারণে। তদুপরি এরাও ছিল বাংলা ভাষী। দু'সম্প্রদায়ের অর্থনৈতিক ও সামাজিক জীবন ছিল একই সূত্রে গ্রথিত। আমাদের গলিতে বেশ কয়েকজন মুসলমান উকিল ছিলেন। তাঁদের আমরা আমার পিতার অন্যান্য সহকর্মীর মতই শ্রদ্ধা করতাম। তাঁদের কিংবা তাঁদের ভাইয়ের ছেলেদের সাথে আমাদের বন্ধুত্ব ছিল প্রতিবেশী অন্য হিন্দু ছেলেদের মতোই' (ম্যাকলেন, ২০০৭: ১২৪-১২৫)।

উনিশ শতকের শেষে কিছু কিছু বড় ও ছোট মুসলিম জমিদারদের জমিদারী তাঁদের অকর্মণ্যতার জন্য হিন্দু আমলাদের হাতে চলে যায়। উনিশ শতকের শেষে ও বিশ শতকের শুরুতে জমি হস্তান্তরের মধ্য দিয়ে জমিতে হিন্দুদের মালিকানাস্বত্ব বৃদ্ধি পেলেও স্বদেশী ও বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের সময়ে পূর্ব বাংলার কৃষি অর্থনীতিতে অবস্থার পরিবর্তন লক্ষ করা যায়। এই সময় শিক্ষিত উচ্চ ও মধ্যবিত্ত শ্রেণির হিন্দুদের তুলনায় শিক্ষিত উচ্চ ও মধ্যবিত্ত শ্রেণির মুসলমানরা অনেকটা সংগঠিত হয়ে নিজেদের দাবী-দাওয়া প্রকাশ করতে থাকেন। বিত্তের অধিকারী মুসলমানেরা জমি-জমায় টাকা লগ্নী করে নিজেদের সামাজিক প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধি করতে সচেষ্ট হন (দে, ২০১১: ১৬২)। পূর্ব বাংলা পাট চাষের ও পাটের বাজারের প্রধান কেন্দ্র ছিল। বিশ শতকের গোড়ার দিকে পূর্ব বাংলায় ৩৬টি পাটকল ছিল। অবশ্য পাটশিল্পের প্রায় একচেটিয়া মালিকানা ছিল ব্রিটিশ পুজিপতিদের হাতে। প্রথম বিশ্বযুদ্ধের পর এদেশীয় মাড়োয়ারি সম্প্রদায় বাংলার পাটশিল্পে আকৃষ্ট হয় (মুখোপাধ্যায়, ১৯৯১: ১২২)। বিশ শতকের প্রথমার্ধে রপ্তানি দ্রব্য হিসাবে পাট ও পাটজাত দ্রব্যের চাহিদা বৃদ্ধি পাওয়ার ফলে এই পাট চাষ ও পাট ব্যবসাকে ভিত্তি করে এক শ্রেণির সম্পন্ন মুসলিম কৃষক ও ব্যবসায়ীর আবির্ভাব হয়। এই সময়ে উচ্চ ও মধ্যবিত্ত বাঙালি মুসলিম শ্রেণির প্রসারণ ও আত্ম-প্রতিষ্ঠার সূত্রপাত ঘটে। সরকারি চাকরি, ওকালতি, ব্যবসা-বাণিজ্য ও জমিজমায় অর্থলগ্নীর মধ্য দিয়ে মুসলিম সমাজে উচ্চ ও মধ্যবিত্ত শ্রেণির প্রসারণ হয়। মুসলিম জমিদার, জোতদার, মধ্যস্বত্বভোগী ও মহাজনদের সংখ্যা কম হলেও জমি হস্তান্তরের ফলে অপেক্ষাকৃত অর্থবান মুসলমানেরা জমিতে বিভিন্ন মালিকানাস্বত্ব লাভ করেন। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে মুসলিম স্বার্থ রক্ষার্থে 'মুসলিম চেম্বার অব কমার্স' এক বিশেষ ভূমিকায় অবতীর্ণ হয়। এ শতকেই মুসলমানেরা বুঝতে পারেন যে, সরকারি চাকরি, শিক্ষা, ব্যবসা-বাণিজ্য জীবনের প্রতিটি ক্ষেত্রেই তাঁদের প্রধান প্রতিদ্বন্দ্বী হলেন উচ্চ ও মধ্যবিত্ত হিন্দুরা (দে, ২০১১: ১৬৩)।

বঙ্গভঙ্গ কার্যকর হওয়ার পর পূর্ব বাংলার বিভাগ, জেলা এবং মহকুমা দপ্তরগুলিতে বিভিন্ন মন্ত্রনালয়ের পদসমূহে মুসলমানদের নিয়োগের হার ছিল ছয় ভাগের এক ভাগেরও কম (ম্যাকলেন, ২০০৭: ১৩০)। ১৮৭২ এর পরবর্তী আদমশুমারীতে মুসলমানদের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পায়। এসময়ের মধ্যে পূর্ব বাংলার বগুড়া, রাজশাহী, নোয়াখালি, চট্টগ্রাম, পাবনা, বাখরগঞ্জ, ত্রিপুরা ও ময়মনসিংহ জেলায় মুসলমানদের সংখ্যা হিন্দুদের থেকে অনেক বেশি ছিল। মুসলিম জনসংখ্যা বৃদ্ধি ও ইংরেজি শিক্ষা গ্রহণ মুসলমানদের আত্মসচেতনতা ও আত্মপ্রতিষ্ঠা লাভে অনুপ্রাণিত করে (দে, ২০১১: ১০৩)। ১৯২১ সালের আদমশুমারীর রিপোর্ট বাঙালি মুসলমানদের বিভিন্ন শ্রেণিতে ভাগ করে, সেগুলোর মধ্যে আশরাফ ছিল সংখ্যালঘু শ্রেণি। এই রিপোর্টে বেহারা (পালকি বাহক), জোলা (তাঁতী), কলু (ঘানিতে তেল প্রস্তুত কারক), নিকারি (মৎস্য বিক্রেতা) এদের আতরাফ শ্রেণিতে অন্তর্ভুক্ত করা হয়। আর পাঠান, শেখ ও সৈয়দগণকে আশরাফ শ্রেণির অন্তর্ভুক্ত করে (Report on the Census of India, Bengal, Part-1, 1921: 374)

১৮৫৩ সালে রেলপথ স্থাপনের পর থেকে বিভিন্ন শিল্পের সূচনা ও বিকাশ হতে থাকে। যেমন: পাটকল, সুতার কল (১৯০৬-১৯১৫ সালের কমলা মিল, নারায়নগঞ্জ, কুষ্টিয়া ও বাগেরহাটের কাপরের কল), কয়লার খনি (পূর্ব বাংলায় ১৯০৫ সালে ২৪৬টি, ১৯২৪-২৫ সালে ২৫০টি, ১৯৩৪-৩৫ সালে ১৮৪টি কয়লার খনি ছিল) প্রভৃতি (মুখোপাধ্যায়, ১৯৯১: ১২০, ১২৫)। অর্থনৈতিক কাঠামোর এই মৌলিক পরিবর্তনে নতুন সামাজিক শ্রেণিবিন্যাস গড়ে ওঠে। স্থায়ী বন্দোবস্তের ফলে সৃষ্ট ভূমিস্বত্বভোগী জমিদার শ্রেণি ও রায়ত শ্রেণির পাশাপাশি গ্রামাঞ্চলে বড় ও ছোট জোতদার, ক্ষেতমজুর, ব্যবসায়ী ও মহাজন শ্রেণির সৃষ্টি হয়। এছাড়া শহরাঞ্চলে পুঁজিপতি, শিল্পপতি ও বণিকশ্রেণি, শ্রমিকশ্রেণি, ছোট-বড় ব্যবসায়ী এবং চিকিৎসক, আইনজীবী, শিক্ষক ও সাংবাদিক প্রভৃতি বৃত্তিভোগী শ্রেণির সৃষ্টি হয় (ঘোষ, ১৩৫৫: ৪৭-৪৮)। নবগঠিত এই শ্রেণির হাতেই বাংলার সামাজিক ও রাজনৈতিক অগ্রগতি সম্ভবপর হয়।

উনিশ শতকের শেষে ও বিশ শতকে নতুন ভূমি ব্যবস্থা (বঙ্গীয় প্রজাসত্ব আইন) এবং ইংরেজ শাসনের ফলে যে নতুন শ্রেণিবিন্যাস গড়ে উঠে তা হিন্দু-মুসলিম বিচ্ছিন্নতাবাদের সৃষ্টি করে, তাকে প্রতিহত করার মত কোন শক্তিশালী সংগঠন ছিল না। বিশ শতকের প্রথম থেকেই এই শ্রেণিবিন্যাস ও শ্রেণি বৈষম্য সামাজিক ও রাজনৈতিক অসন্তোষ সৃষ্টি করে। পঞ্চাশের মনন্তর এই শ্রেণিবিন্যাসের পট পরিবর্তনে সহায়তা করে। এই দুর্ভিক্ষের ফলে দরিদ্র ব্যক্তিরাই নিঃস্ব ও দুঃস্থ হয়। দুর্ভিক্ষের আঘাত দরিদ্র শ্রেণির উপরই পড়ে (দে, ২০১১: ১৬২-১৬৩)। ১৯৪৩-এর দুর্ভিক্ষের সময় মফঃস্বলে এক শ্রেণির লোকের হাতে মোটা টাকা সঞ্চিত হয়। ঐ সময়ই মজুদদারী, কালোবাজারী ও চোরচালান স্বাভাবিক ব্যবসায়ের অনুসঙ্গ হয়ে দাঁড়ায় (সেন, ১৯৯৭: ১০২)। যাদের জমিজমা ও অন্য কোন সম্পদ ছিল, সেই ধরণের মধ্যবিত্ত শ্রেণি ক্ষতিগ্রস্থ হয় নি। আর উচ্চবিত্ত শ্রেণির মানুষেরা দুর্ভিক্ষের ছোঁয়াচ থেকে ছিলেন মুক্ত বরং তারা এ সময়ে আরো বিত্তশালী হয়ে ওঠেন (দে, ২০১১: ১৬৩-১৬৪)।

১৭৫৭ সাল থেকে ১৯০৫ সাল পর্যন্ত কলকাতার হিন্দু সমাজ ইংরেজদের সহায়ক শক্তি হিসাবে সাফল্যজনকভাবে ভূমিকা পালন করেছে। বঙ্গীয় মুসলিম সমাজে নবাব আবদুল লতিফ, সৈয়দ আমীর আলী, সৈয়দ আমীর হোসেন প্রমুখ ব্যক্তির নেতৃত্বে ইংরেজি শিক্ষার প্রসার ঘটে। বিশ শতকের প্রথম দুই দশক বাংলার রাজনৈতিক অঙ্গনে সংঘটিত বঙ্গভঙ্গ, স্বদেশী আন্দোলন, বঙ্গভঙ্গ রদ, হিন্দু-মুসলিম দাঙ্গা প্রভৃতি ঘটনা এ অঞ্চলের জনমনে গভীর রেখাপাত করে। যার প্রভাব সুদূরপ্রসারী হয়েছিল। এই সময়ে মুসলিম সমাজের নেতৃত্বেও পরিবর্তন সূচিত হয় (হোসেন, ১৯৯৩: ১)। ১৯০৫ সাল পর্যন্ত কংগ্রেসের আন্দোলন মূলত প্রতিনিধিত্বমূলক সরকার এবং প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সব সরকারি পদে নিয়োগের মধ্যে সীমাবদ্ধ ছিল। কিন্তু এই দুটি দাবীর একটির প্রতিও অভিজাত মুসলমানদের সমর্থন ছিল না। কারণ তখন সম্পত্তি এবং করদানের পরিমাণের উপর ভোটদানের অধিকার নির্ভর করত। ১৯০৯ সালের মর্লে-মিন্টো সংস্কারের পরও মোট জনসংখ্যার এক শতাংশেরও কম লোকের ভোটাধিকার ছিল। মুসলমানদের মধ্যে অবস্থাপন্ন লোকের সংখ্যা ছিল খুবই কম। তাই বাংলার মুসলমানরা সংখ্যাগরিষ্ঠ হলেও মুসলমান ভোটদাতার সংখ্যা ছিল নগন্য। ইংরেজি শিক্ষায়ও মুসলমানরা হিন্দুদের তুলনায় অনেক পিছিয়ে ছিল। হিন্দু প্রতিযোগীদের সঙ্গে সরাসরি প্রতিযোগীতায় অবতীর্ণ হয়ে তাদের সফল হওয়ার সম্ভাবনা ছিল খুবই কম। তাই অভিজাত মুসলমানরা হিন্দুদের সঙ্গে ইংরেজ শাসনের বিরুদ্ধে আন্দোলন না করে নিজেদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা আদায়ে ব্যস্ত ছিল (ইসলাম, ১৪১২: ২০৮-২০৯)।

১৯০৫ সালে 'পূর্ব বাংলা ও আসাম' নামে সৃষ্ট নব গঠিত প্রদেশে মুসলমানরা ছিল সংখ্যাগরিষ্ঠ। কাজেই সেখানে তাদের প্রাধান্য প্রতিষ্ঠিত হয়েছিল। ১৯০৬ সালের ১ অক্টোবর মুসলমানদের একটি প্রতিনিধিদল সিমলায় বড় লাট লর্ড মিন্টোর সঙ্গে দেখা করে মুসলমানদের জন্য পৃথক নির্বাচন প্রথা এবং বিশেষ গুরুত্বের দাবী করে। এই প্রতিনিধিদলে বাংলার নওয়াব আলী চৌধুরী এবং এ. কে. ফজলুল হক ছিলেন। সলিমুল্লাহ নওয়াব আলী চৌধুরীর সঙ্গে তাঁর প্রস্তাবিত সর্বভারতীয় মুসলিম সংগঠনের পরিকল্পনার খসড়া পাঠিয়েছিলেন। ৩০ ডিসেম্বর ঢাকায় মুসলমান নেতারা মিলিত হয়ে 'অল ইন্ডিয়া মুসলিম লীগ' গঠন করে। মুসলিম লীগ বঙ্গভঙ্গ সমর্থন এবং বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের তীব্র বিরোধিতা করে (ইসলাম, ১৪১২: ২১২)। পরবর্তীতে ১৯১১ সালে বঙ্গভঙ্গ রদ হবার পর ১৯১২ সালে বাংলা প্রদেশকে যেভাবে পুনর্গঠিত করা হয় তাতে প্রদেশে মুসলমানদের সংখ্যা হিন্দুদের তুলনায় বেশি দাঁড়ায়। কিন্তু শিক্ষায়, সরকারি চাকরিতে, ব্যবসায়-বাণিজ্যে, জমিদারীতে, মহাজনী কারবারে, ওকালতি প্রভৃতির মত লাভজনক পেশায় হিন্দুরা এই নেতৃত্ব হাতছাড়া করতে কোন মতেই রাজী ছিল না। সেই জন্যই তাঁরা সব সরকারি চাকরিতে সরাসরি প্রতিযোগীতার মাধ্যমে নিয়োগের দাবী করতেন। কারণ তাহলে সরকারি চাকরিতে তাদের একাধিপত্য বজায় থাকে। সেই জন্যই তাঁরা রাজনীতির সঙ্গে ধর্মকে মেশালেও, হিন্দুদের একটা জাতি ভাবলেও এবং অনেক সময়ই শুধুমাত্র হিন্দুদের মঙ্গলচিন্তা করলেও হিন্দু-মুসলমান সকলের নেতৃত্ব দাবী করতেন (ইসলাম, ১৪১২: ২৩৬)। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এতদ্বঅঞ্চলের মুসলিম উচ্চশিক্ষার ক্ষেত্রে যুগান্তকারী ঘটনা। পূর্ব বাংলা দরিদ্রতা ও সুযোগের অভাবে উচ্চশিক্ষা থেকে পিছিয়ে ছিল। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার পর মুসলমান ছাত্ররা ক্রমাগতভাবে অধিক হারে বি. এ. ও এম. এ. পাশ করে শিক্ষকতা, সরকারি চাকরি, ওকালতি সহ নানা পেশায় নিয়োজিত হতে থাকে। এভাবে ১৯৪৭ সালের দিকে পূর্ব বাংলায় একটি শিক্ষিত, রাজনৈতিক ও সমাজ সচেতন মধ্যবিত্ত শ্রেণির উদ্ভব হয় (Rahim, 1981: 178)। ১৯২৩ সালের বেংগল প্যাক্ট পিছিয়ে পড়া মুসলমানদের কিছু সুযোগ সৃষ্টি করলেও বাস্তবে তা কংগ্রেসের বিরোধিতার কারণে বাস্তবায়িত হতে পারেনি।

১৯৩৭ সাল থেকে প্রজা-লীগ মন্ত্রিসভার আমলে বাঙালি মুসলিম মধ্যবিত্ত শ্রেণি আরো প্রসারিত ও সংহত হয়। সরকারি চাকরিতে ও অন্যান্য বিভিন্ন পেশায় নিযুক্ত শিক্ষিত মুসলমানদের সংখ্যা যথেষ্ট বৃদ্ধি পায়। অর্থ, সম্পদ ও শিক্ষায় উন্নত মুসলমানেরা আরো বেশি আত্ম-সচেতন হন। ১৯৩৭ থেকে ১৯৪৭ সাল পর্যন্ত প্রায় একটানা দীর্ঘকাল প্রজা-লীগ মন্ত্রিসভা বাংলার শাসনতন্ত্র পরিচালনা করায় উচ্চ ও মধ্যবিত্ত মুসলমানেরা দ্রুত সমগ্র পরিবেশকে নিজেদের অনুকূলে আনতে সক্ষম হন। কৃষকের দুর্দশা লাঘবে ভূমি ব্যবস্থার কোন আমূল পরিবর্তন না হওয়ার ফলে এই শ্রেণির (উচ্চ ও মধ্য) মুসলমানদের পক্ষে সমগ্র বাঙালি মুসলমানদের উপর প্রভাব বিস্তার করা এবং হিন্দুদের নিকট থেকে সম্পূর্ণ পৃথক হয়ে এক স্বাধীন মাতৃভূমি প্রতিষ্ঠার স্বপ্নে তাঁদের উদ্বুদ্ধ করা সম্ভব হয় (দে, ২০১১: ১৬২-১৬৪)। ১৯০৫ সালে বঙ্গভঙ্গ পরবর্তী অর্থনৈতিক সংস্কার, ১৯০৬ সালে মুসলিম লীগ গঠন, ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও শিক্ষা সম্প্রসারণ, ১৯২৬ ও ১৯৪৬ সালের সাম্প্রদায়িক দাঙ্গা, ১৯৪৭ সালে পাক-ভারত বিভক্তি, হিন্দু-মুসলমানদের স্থানান্তর অর্থাৎ বঙ্গভঙ্গ পরবর্তী ঘটনাবলী মুসলিম সমাজকে নতুন ভাবে গঠনের ক্ষেত্রে এক বিশেষ মাত্রা যোগ করে। ১৯৪৭ সালে পূর্ব বাংলা আলাদা প্রদেশ হওয়ার পর থেকেই এর জনগোষ্ঠীর স্বাতন্ত্রতা বেশি মাত্রায় লক্ষ করা যায়। ধর্ম ভিত্তিক বিভাজন পরবর্তীতে ভাষার প্রশ্নেও দেখা দেয়। ইতোমধ্যে আওয়ামী মুসলিম লীগ গঠন (১৯৪৯ সাল) ও বিভিন্ন মুসলিম সভা-সমিতি গঠনের ফলে পূর্ব বাংলার মুসলিম সমাজে নব চেতনা লক্ষ করা যায়। যার প্রেক্ষিতে বিশ শতকের মুসলিম সমাজ নতুন ভাবে বিন্যস্ত হতে দেখা যায়। অষ্টাদশ শতকে বংশভিত্তিক স্তরায়ণে কৌলিণ্য বজায় রাখার প্রথা লোপ পেতে থাকে এবং বিশ শতকে আর্থিক মাপকাঠি, ব্যক্তিগত ও সামাজিক প্রতিষ্ঠা, শিক্ষাগ্রহণ ও রাজনৈতিক সচেতনার ভিত্তিতে উচ্চ, মধ্য ও নিম্ন শ্রেণির গঠন হতে থাকে (দে, ২০১১: ১৬২)। উনিশ শতকের শেষদিকে বাংলার শহুরে জীবন ও শিল্প অর্থনীতিতে চরম অবনতি ঘটে। এর প্রতিক্রিয়া গ্রাম ও শহরের সমাজ বিন্যাসে অনুভূত হয়। ব্রিটিশ ঔপনিবেশিক নীতিমালার কারণে শহরে নিয়োজিত শ্রমিকরা শিল্প ছেড়ে নেহাত জীবীকার জন্য গ্রামে গিয়ে কৃষকে পরিণত হয় (সেন, ১৯৯৭: ৬৯)।বিশ শতকের গোড়ার দিকে সামন্ততান্ত্রিক শরীফ পরিবারের অর্থনৈতিক অবস্থার অবনতি ঘটার কারণে তারা বিত্তবান শিক্ষিত মুসলিম মধ্যবিত্ত পরিবারের সাথে বৈবাহিক সম্বন্ধ স্থাপনে আগ্রহী হয়। এতে ক্রমশ বিলীয়মান বংশকৌলিণ্য ও উদীয়মান বিত্তকৌলিণ্যের ভেতর একটা সামাজিক সম্পর্ক গড়ে ওঠে। প্রথম মহাযুদ্ধের পর এ প্রক্রিয়া অধিকতর গতি সঞ্চার করে (সেন, ১৯৯৭: ৭৭)। নিম্নশ্রেণিভুক্ত মুসলমানও বিশ শতকে এসে অর্থবিত্ত লাভ করেন এবং সামাজিক প্রতিষ্ঠার ফলে অভিজাত শ্রেণির মর্যাদায় অধিষ্ঠিত হন।

একটি প্রবাদ আছে, Last year I was a Jolaha, this year I am a Sheikh (Report on the Census of India, Part-1, 1901: 441)। বিংশ শতাব্দীর গোড়ার দিকে সৈয়দ, মোগল, শেখ ও পাঠান এ চার গোষ্ঠীর মধ্যে 'পাঠান' পদবিটি বাংলাদেশের বাখরগঞ্জ ও ঢাকা জেলায় খুবই জনপ্রিয় হয়ে ওঠে। জনসংখ্যা রিপোর্টের তথ্য মতে, The numbers who retumed themselves as Pathans increased from 215, 982 in 1901 to 280, 898 in 1911, the increased being greatest in the Dacca Division, where 87,220 were returned in 1911 against only 54,371 in 1901; this number rose to 122, 146 in 1921. Similarly the number of Syeds in Dacca and Rajshahi Divisions also significantly increased. The numbers of Syeds in Dacca and Rajshahi were 24,362 and 16,112 respectively in 1901, but they increased to 34,377 and 26,706 respictively, in 1921 (Report on the Census of India, Bengal, Part-II, 1921: 330-367).

ব্রিটিশ সরকারের পৃষ্ঠপোষকতার কারণে বিশ শতকের সূচনালগ্নে ১৯০৫ সালে প্রথমবার বাংলা বিভক্তির ফলে চাকরির ক্ষেত্রে মুসলমানদের কিছু সুযোগ-সুবিধা প্রদান করায় পূর্ব বাংলায় একটি শিক্ষিত মুসলিম মধ্যবিত্ত শ্রেণি গঠিত হয় যা রাজনৈতিক ও সাংস্কৃতিক জীবনেও নেতৃত্ব দান করে। এই শ্রেণি কোন কোন অর্থে পূর্ব বাংলার মুসলিম উচ্চ শ্রেণির চেয়ে অধিকতর শক্তিশালী। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধে মুদ্রাস্ফীতির কারণে এ শ্রেণি ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হয়। অন্যদিকে যুদ্ধ পরবর্তী নতুন বণিক শ্রেণি তাদের অর্থবিত্ত ও প্রতিপত্তির জোড়ে শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির সাথে বৈবাহিক সম্পর্ক স্থাপন করে (করিম, ২০১২: ৯৯)। দ্বিতীয় বিশ্বযুদ্ধে পূর্ব বাংলা প্রত্যক্ষভাবে যুদ্ধাঞ্চলের অন্তর্ভুক্ত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ ও তার প্রভাব, বিশ্বযুদ্ধের অনুসঙ্গী মুদ্রাস্ফীতির প্রভাব, দ্বিতীয় বাংলা বিভক্তি (১৯৪৭) পূর্ব বাংলার মুসলমানদের মধ্যে বিদ্যমান সমাজ বিন্যাসের প্রকৃতিতে এক নতুন মাত্রা যোগ করে। মুসলিম সমাজে এ যাবৎ পর্যন্ত যে নতুন ব্যবসায়ী ও মহাজন শ্রেণি এবং বিভিন্ন ধরণের পেশাজীবী মধ্যবিত্ত শ্রেণি অনুপস্থিত ছিল, দ্বিতীয় বাংলা বিভক্তির সাথে সাথে পূর্ব বাংলা থেকে হিন্দু শ্রেণিগুলোর বাস্তুত্যাগের ফলে সৃষ্ট শুন্যতা পূরণ করতে সেসব শ্রেণি দ্রুত গঠিত হয়। ১৯৪৭ এর পরে সাম্প্রদায়িক দাঙ্গা, পূর্ব ও পশ্চিম বাংলা আলাদা রাষ্ট্রের অন্তর্ভুক্ত হওয়ায় এবং মুসলিম-হিন্দু শ্রেণির বাস্তুত্যাগ প্রভৃতি কারণে পূর্ব বাংলার শহরে মুসলিম জনসংখ্যা হঠাৎ বৃদ্ধি পায় (করিম, ২০১২: ৯৮)।

রংগলাল সেনের মতে, ব্রিটিশ শাসনের শেষ দশকে মুসলিম সংখ্যাগরিষ্ঠ বাংলার উচ্চ শ্রেণিতে উচ্চ জাতিবর্ণভুক্ত হিন্দুদের চেয়ে মুসলিম সমাজভুক্ত উচ্চস্তরের লোকের হার অর্ধেকের চেয়ে সামান্য বেশি ছিল। কারণ ঐ সময় বাংলার শহুরে ও গ্রামীণ সম্পদের আশি ভাগের মালিক ছিল উচ্চ শ্রেণির হিন্দুরা। ১৯৪৭ সালে যখন পাক-ভারত বিভক্ত হয়ে পূর্ব বাংলা পাকিস্তানের অন্তর্ভুক্ত হল তখন এর কৃষি সমাজ বা গ্রামীণ সমাজ কাঠামোয় চারটি প্রধান শ্রেণি লক্ষ করা যায়। ক) গুটিকয়েক মুসলিম বড় জমিদারসহ বৃহৎ জমিদারদের একটি

ক্ষুদ্র প্রভাবশালী গোষ্ঠী, খ) হিন্দু ও মুসলিম উভয় সমাজের ভেতর প্রায় সমানভাবে বিভক্ত ছোট জমিদার, জোতদার ও ধনী কৃষকের একটি উল্লেখযোগ্য অংশ, গ) মুসলিম সংখ্যাগরিষ্ঠ স্বয়ংসম্পূর্ণ মালিক কৃষকের একটি বিরাট শ্রেণি এবং ঘ) হিন্দু ও মুসলিম উভয় জনগোষ্ঠীর মধ্যে প্রায় সমভাবে বন্টিত এক বিপুল সংখ্যক গরীব কৃষক, বর্গাদার ও ভূমিহীন কৃষি শ্রমিক। আর ঐ সময়ে পূর্ব বাংলার শহুরে সমাজ কাঠামোর মধ্যে রয়েছে একদিকে একটি ক্ষুদ্র বুর্জোয়া ও সর্বহারা শ্রেণি এবং অন্যদিকে ইংরেজি শিক্ষিত পেশাদারী ও চাকরিজীবীদের সমন্বয়ে গঠিত এক বিশাল মধ্যবিত্ত শ্রেণি। মুসলিম সামন্ত জমিদার ও শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির সুপ্রতিষ্ঠিত অংশ নিয়ে ১৯০৬ সালে স্যার সলিমুল্লাহর নেতৃত্বে মুসলিম লীগ এবং ১৯২৯ সালে মুসলিম জোতদার, তালুকদার, ধনী কৃষক ও শিক্ষিত মধ্যবিত্তের দুর্বলতার অংশ নিয়ে ফজলুল হকের নেতৃত্বে কৃষক প্রজা পার্টির ন্যায় বাংলার রাজনৈতিক সংগঠন মুসলিম সমাজের স্তরবিন্যাসে ব্যাপক প্রভাব ফেলে। ১৯৩৭ এবং ১৯৪৬ সালের বাংলার বিধান সভার নির্বাচনে এ দল দুটি মুসলিম বাঙালি জনগোষ্ঠীর ভোটে জয়লাভ করার মাধমে যথাক্রমে সাম্প্রদায়িক ও ধর্মনিরপেক্ষ রাজনৈতিক চিন্তা-চেতনার বিকাশ ঘটাতে থাকে (সেন, ১৯৯৭: ৭৮-৮০)। পাকিস্তান আমলে হিন্দু উচ্চ বর্গের পূর্ব বাংলা ত্যাগের ফলে বাঙালি গ্রামীণ মুসলিম জোতদার ও ধনী কৃষক ক্ষমতাশালী হয়ে ওঠে। শহরাঞ্চলে উঠতি বাঙালি মুসলিম মধ্যবিত্ত শ্রেণির প্রভাবশালী অংশ শহুরে সম্পত্তি, ব্যবসা ও শিল্পের মালিক হয়। এভাবে ধনসম্পত্তি হস্তান্তরের ঘটে। পাকিস্তান আমলে পূর্ব বাংলার সমাজে নগরায়নের আরেকটি তাৎপর্য হল সেখানকার শহুরে মুসলিম সমাজে 'শরীফ' ও 'শরীফ নয়' শ্রেণির ভেতর সনাতন সামাজিক দূরত্ব ক্রমশ লোপ পায়। এর ফলে এমন নতুন সমাজ কাঠামোর বিকাশ ঘটে যেখানে আয়, সম্পদ ও পেশাগত মর্যাদা সামাজিক স্তরবিন্যাসের মূল ভিত্তি হয়ে দাঁড়ায়। ফলে সৃষ্টি হয় আইনজীবী, অধ্যাপক, চিকিৎসক, প্রকৌশলী ও ব্যবসায়ী সহ বিভিন্ন পেশাজীবীর সমন্বয়ে গঠিত একটি প্রভাবশালী বাঙালি মুসলিম মধ্যবিত্ত শ্রেণি (সেন, ১৯৯৭: ৮৭) একদিকে বাংলাদেশের মুসলিম সমাজে গোষ্ঠীর মধ্যে থেকে ইংরেজি শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির বিকাশ, অন্যদিকে অর্থনৈতিক কারণে সামন্ততান্ত্রিক 'শরীফ' গোষ্ঠীর অবনতির ফলে বাঙালি মুসলিম অভিজাত শ্রেণি ও সাধারণ জনগোষ্ঠীর ভেতর সামাজিক দুরত্ব ক্রমশঃ হ্রাস পায় (Karim, 1980: 137-138)। এ পর্যায়ে একাধিক বাঙালি মুসলিম ক্ষয়িষ্ণু সামন্ত পরিবারের সাথে উঠতি ইংরেজি শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির বৈবাহিক সম্বন্ধ স্থাপিত হয় (সেন, ১৯৮১: ১৪৫)। রাজনৈতিক দলগুলোতে পূর্বে যে ভূমিনির্ভর উচ্চবিত্তদের প্রাধান্য ছিল তা ইংরেজি শিক্ষিত পেশাজীবীদের দ্বারা পরিবর্তিত হয়। এর ফলে ঢাকা, দেলদুয়ার, করটিয়া, ধনবাড়ি জমিদার পরিবারের নেতৃত্ব সংকুচিত হয়ে যায়। এ.কে ফজলুল হক, শহীদ সোহরাওয়ার্দী, আবুল মনসুর আহমদ, আব্দুর রহিম, সামসুদ্দীন আহম্মদ, আজিজুল হক, কামরুদ্দীন আহমদ, আবুল কাশেম, আবুল হাশিম প্রমুখ পেশাজীবী মধ্যবিত্ত শ্রেণির প্রতিনিধি হিসেবে রাজনীতিতে নেতৃত্ব দেন (Broomfield, 1968: 44-60)।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ, ৪৩-এর মন্বন্তর, সাম্প্রদায়িক দাঙ্গা, ১৯৪৭ এর দেশভাগ সমাজকে নতুনভাবে সাজাতে সাহায্য করে। স্বাধীনতা ও স্বাধীনতা উত্তর বাংলায় পর পর ক্ষমতার হাতবদল, বিভিন্ন অর্থনৈতিক পুনর্গঠন প্রক্রিয়া, শহর ও গ্রামাঞ্চল হতে মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন দেশে জনশক্তি রপ্তানী, অর্থলগ্নী প্রথা সৃষ্টি, ভূমিহীন শ্রেণির সংখ্যা বৃদ্ধি প্রভৃতি ঘটনা ঘটেছে। ১৯৮৪ সালে উপজেলা হওয়ার পর থেকে নগরায়ন প্রক্রিয়া ত্বরান্বিত হয়। নগরের অবকাঠামো ও উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করার ফলে জমির মূল্য বৃদ্ধি পাওয়ায় তা ক্রমশই দরিদ্র কৃষক হতে নব্য ধনীদের হাতে পৌঁছায় (সেন, ১৯৯৭: ১০২)। এভাবে সমাজে অভিজাত শ্রেণি তৈরি হতে থাকে। যারা মূলত নব্য অভিজাত। উনিশ শতকে শিক্ষার মাধ্যমে যে মধ্যবিত্ত শ্রেণি সৃষ্টি হয় সে শ্রেণিই বিশ শতকে এসে নেতৃত্ব গ্রহণ করে। এই শ্রেণি রূপান্তরে কোন বংশগত বা ধন-ঐশ্বর্যের প্রভাব ছিল না। শিক্ষা গ্রহণ ও ব্যক্তিগত বা সামাজিক প্রতিষ্ঠা এই শ্রেণিকরণের প্রধান মানদণ্ড হয়ে দাঁড়ায়।

## সুত্র নির্দেশ:


- আনিসুজ্জামান। মুসলিম মানস ও বাংলা সাহিত্য। ঢাকা: প্রথম প্যাপিরাস সংস্করণ, ২০০১।
- আহমদ, ওয়াকিল। উনিশ শতকে বাঙালি মুসলমানদের চিন্তা ও চেতনার ধারা। ১ম পুনর্মুদ্রণ, ঢাকা: বাংলা একাডেমি, ১৯৯৭।
- ইসলাম, নজরুল। বাংলায় হিন্দু মুসলমান সম্পর্ক। পঞ্চম মুদ্রণ, কলকাতা: মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ, ফাল্গুন ১৪১২।
- ইসলাম, শহিদুল। সমাজ কাঠামো ও সমাজ পরিবর্তন। সমাজ নিরীক্ষণ-৫৩। ঢাকা: ১৯৯৪ (বিস্তারিত দেখুন, V. L. Lenin,
- Collected Works, Moscow: Vol. 29, Cited in Andrel Zdravomyslov's Articles, p. 74; Max Weber, An Intellectual Portrait", New York: 1962, p. 326.) 1
- করিম, আব্দুল। বাংলার ইতিহাস (১২০০-১৮৫৭ খ্রিঃ)। ঢাকা: বড়াল প্রকাশনী, ১৯৯৯।
- করিম, এ. কে. নাজমুল। পরিবর্তনশীল সমাজ ভারত, পাকিস্তান ও বাংলাদেশ। অনুবাদ: রংগলাল সেন, জিনাত হুদা অহিদ এবং শিশির ঘোষ, পুনর্মুদ্রণ, ঢাকা: দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, ২০১২।
- ঘোষ, বিনয়। বাংলার নবজাগৃতি। কলকাতা: ১৩৫৫।
- জোয়ারদার, সফিউদ্দীন। বাংলার নবজাগৃতি: পুনর্বিবেচনা। সমাজ নিরীক্ষণ। ১৯ সংখ্যা, ঢাকা: ফেব্রুয়ারি ১৯৮৬।
- দে, অমলেন্দু। ব্যঙালী বুদ্ধিজীবী ও বিচ্ছিন্নতাবাদ। ঢাকা: জাতীয় সাহিত্য প্রকাশ, ২০১১।
- ভূইয়া, ড. গোলাম কিবরিয়া। বাংলায় মুসলিম মধ্যবিত্ত শ্রেণির বিকাশ। ঢাকা: বাংলা একাডেমি, ১৯৯৫।
- ভূইয়া, ড. গোলাম কিবরিয়া। বাংলাদেশের সমাজ, রাজনীতি ও সংস্কৃতি। প্রথম প্রকাশ, ঢাকা-চট্টগ্রাম: এ্যাডর্ন পাবলিকেশন, ২০০২।
- মল্লিক, ডক্টর আজিজুর রহমান। বৃটিশ নীতি ও বাংলার মুসলমান (১৭৫৭-১৮৫৬)। দিলওয়ার হোসেন অনূদিত, ঢাকা: বাংলা একাডেমি, ১৯৮২।
পুরো মুসলিম উম্মাহ আজ গণতন্ত্রের ভয়াল থাবায় আক্রান্ত। তো চলুন গণতন্ত্র বিষয়ে কিছু সংক্ষিপ্ত আলোচনা করা যাক! প্রথমে আমরা জেনে নিব গণতন্ত্র কত সালে প্রতিষ্ঠিত হয়েছে।গণতন্ত্র খ্রিস্টপূর্ব ৫০৭ থেকে ৫০৮ সালের মধ্যে প্রতিষ্ঠিত হয়। এর জনক হল ক্লেইস্থিনিসকে এথেনীয় আধুনিক জনক হিসেবে পরিচিত ইংরেজ দার্শনিক জনকল। এই থেকে বিষয়টি স্পষ্ট হয় যে গণতন্ত্র কোনো মুসলিমের তৈরি নয় বরং এটি হল অভিশপ্ত,পথভ্রষ্ট ইহুদী জাতির তৈরি;যার উপর ভর করে আজকের দুনিয়া নিয়ন্ত্রিত হচ্ছে।গণতন্ত্রের কারণেই মুসলিমদের ঐক্যের মাঝে ফাটল ধরেছে।অথচ মহান প্রতিপালক তার রজ্জুকে ঐক্যবদ্ধভাবে আঁকড়ে ধরার কথা বলেছেন واعتصموا بحبل الله جميعا ولا تفرقوا অর্থাৎ তোমরা আল্লাহর রজ্জুকে দৃঢ়ভাবে আঁকড়ে ধরো আর তোমরা দলে দলে বিভক্ত হয়ো না। (আল ইমরান:১০৩)

- এই ব্যাপারে রাসুলের বাণী:" আল্লাহর হাত জামাতের উপর থাকে।"( তিরমিজি:২১৬৭)

- মুসলিম জাতির দলাদলি করার কারণে শত্রুপক্ষ বিজয়ী হবে। এই প্রসঙ্গে আল্লাহ বলেন ولا تنازعوا فتفشلوا وتذهب ريحكم অর্থাৎ "তোমরা পরস্পার বিবাদ করো না। যদি বিবাদ করো তাহলে তোমরা দুর্বল হয়ে যাবে।"( সূরা আনফাল:৪৬)

- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,ولا تحاسدوا ولا تبغضوا ولا تدابروا وكونوا عباد الله অর্থাৎ," তোমরা পরস্পরে হিংসা করো না,বিদ্বেষ পোষণ করো না এবং একে অপরের কাছ থেকে মুখ ফিরে নিও না"।(মুসলিম:২৫৬৪)
- তিনি আরো বলেন ستفترق امتي على سبع وثلاثين فرقه كلها في النار الا واحده অর্থাৎ," অচিরেই আমার উম্মত ৭৩ দলে বিভক্ত হবে ,"তার প্রত্যেকটি দল জাহান্নামী।তবে একটি দল ব্যতীত।" প্রিয় পাঠক উল্লেখিত আয়াত ও হাদিসগুলো প্রমাণ করে যে, একজন মুসলিম ব্যক্তির জন্য বাঞ্ছনীয় নয় যে, সে মুসলিম উম্মাহর মাঝ থেকে পৃথক থাকবে বা মুসলিম উম্মাহর মাঝে ফাটল সৃষ্টি করবে। অথচ গণতন্ত্র মুসলিম সম্প্রদায়ের মাঝে ফাটল সৃষ্টি করার দিক থেকে সর্বোচ্চ ভূমিকা রেখেছে। কিন্তু মুসলিমরা তা না বুঝেই গণতন্ত্রের দিকে ছোটাছুটি করছে।প্রবাদ বাক্যে বলা হয়ে থাকে," খাল কেটে কুমির ডেকে আনা।"তদ্রূপ আজকে মুসলিমদের অবস্থা। বর্তমান বিশ্বে সবচেয়ে অপমানিত,লাঞ্ছিত,নির্যাতিত জাতি হলো মুসলিম জাতি। অথচ মুসলিম জাতি একসময় পুরো বিশ্বকে শাসন করেছে ।কিন্তু আজ তারা নিজেরাই অন্যের গোলাম হয়ে আছে।কেন তারা অন্যের গোলাম? উত্তর একটাই, ঐক্যের বাঁধন নষ্ট হয়ে যাওয়ার কারণেই মুসলিম জাতির এই দুরাবস্থা। এমনকি আমাদের সোনার বাংলায় গণতন্ত্রের মাধ্যমে ইসলাম প্রতিষ্ঠা করার জন্য উঠে পড়ে লেগেছে নামধারী কিছু মুসলিম। সত্যই কি তারা গণতন্ত্রের মাধ্যমে ইসলাম প্রতিষ্ঠা করতে পারবে? আদৌ সম্ভব নয়। কেননা ইসলামের সাংস্কৃতি বাদ দিয়ে অন্যের সংস্কৃতির মাধ্যমে ইসলাম প্রতিষ্ঠা করার কথা কল্পনা করাও সম্ভব নয় ।

IlmSphere
Exploring Knowledge, Expanding Faith
ESTABLISHED 2025



- গণতন্ত্রের আইন মানব রচিত আইন।আর ইসলামের শাসন ব্যবস্থার আইন স্বয়ং স্রষ্টার আইন।
- মহান স্রষ্টা বলেন,ان الحكم الا لله অর্থ:" বিধানতো শুধুমাত্র আল্লাহর।"
- যদি একটু গণতন্ত্রের দিকে লক্ষ্য করি তাহলে আমরা দেখতে পাব যে গণতন্ত্র হলো মানুষের তৈরি। আর খেলাফত হলো স্রষ্টার তৈরি। কিন্তু আমরা আল্লাহর আইন বাদ দিয়ে মানুষের তৈরিকৃত আইন নিয়ে মেতে উঠেছি। অথচ আমাদের জন্য কল্যাণকর স্রষ্টার খেলাফতকে আমাদের সামনে পশ্চিমারা সন্ত্রাসী শাসন ব্যবস্থা হিসাবে উপস্থাপন করছে। যাতে করে আমরা ইসলাম থেকে দূরে সরে যাই। ঠিক তাই হয়েছে। পশ্চিমাদের তৈরি গণতন্ত্রের ফাঁদে মুসলিমরা আজ অজান্তেই আটকা পড়েছে।
- যারা গণতন্ত্র করে তারা মূলত পশ্চিমাদের সাথে সাদৃশ্য রাখে ।কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, من تشبه بقوم فهو منهم অর্থ ,"যে ব্যক্তি যে জাতির সাথে সাদৃশ্য রাখবে সে ব্যক্তি সেই জাতির অন্তর্ভুক্ত।"(আবু দাউদ) সম্মানিত পাঠক! আমরা আলোচনার সূচনা লগ্নেই জেনেছি যে গণতন্ত্র কোন মুসলিমের তৈরি নয় বরং গণতন্ত্র হলো অভিশপ্ত জাতির তৈরি। তাহলে গণতন্ত্রের মাধ্যমে ইসলাম প্রতিষ্ঠা করার প্রশ্নই আসে না।

<u>গণতন্ত্র সম্পর্কে অমুসলিম মনীষীদের উক্তি:</u>

ক. বিখ্যাত দার্শনিক প্লেটো তার রিপাবলিক গ্রন্থে উল্লেখ করেছেন যে "গণতন্ত্র হলো বিশৃঙ্খলার এক ধাপ।"

খ. জর্জ ওয়াশিংটন বলেছেন:" দলীয় ভাবনা জনগণকে অবাস্তবহিংসা ও ভুল ধারণামূলক সর্তকতায় উদ্দীপিত করে, বিভাগ সৃষ্টি করে। আবার কখনো গুন্ডামি ও মতবিরোধ জন্মায়। এটি জরুরী কার্য নির্বাহী কাজ থেকে বিভ্রান্ত করে এবং সরকারের প্রশাসনিক ক্ষমতাকে দুর্বল করে।"

গ. আর্নল্ড বলেছেন :"গণতন্ত্রে নীতির অভাব আছে। এতে ধৈর্য বা দায়িত্বের অভাব আছে। আজ যদি এর ভালো প্রবৃত্তি জয়ী হয়, কালই তা পরাজিত হয় ।কখনো কখনো এটি সঠিক পথে চলে ,কিন্তু অধিকাংশ সময়ই এটি ভুল পথে যাওয়ার প্রবণতা রাখে।

সম্মানিত পাঠক! যারা বা যেই জাতি গণতন্ত্র আবিষ্কার করেছে, তারাই তার প্রতি আঙ্গুল তুলছে। তাহলে একজন মুসলিম কিভাবে গণতন্ত্রে জড়াতে পারে বা ইসলাম প্রতিষ্ঠা করতে চায় গণতন্ত্রের মাধ্যমে ?আজকে মুসলিমরা নির্যাতিত হওয়ার যেমন কারণ আছে তার মধ্যে ঐক্য নষ্ট হয়ে যাওয়া অন্যতম বড় কারণ। তাই আমরা মহান রবের কাছে ফরিয়াদ করি তিনি যেন পুরো মুসলিম উম্মাহকে গণতন্ত্রের দেওয়াল ভেঙ্গে খেলাফতপূর্ণ রাষ্ট্র গঠন করার তৌফিক দান করেন। আমিন ।সেই সাথে তিনি যেন পুরো মুসলিম জাতিকে ঐক্যবদ্ধ হওয়ার তৌফিক দান করেন, এবং বিশ্বের যে সমস্ত দেশে মুসলিমরা নির্যাতিত সেই সমস্ত দেশের মুসলিমদেরকে রক্ষা করেন। আমিন



# "Two-Minute Rule"

MD. Sajib Ahmad
Class: 8



Once upon a time, I was watching videos on YouTube and scrolling through them one by one. Suddenly, a video appeared before me. The video was about the Two-Minute Rule, and it was by Ayman Sadiq. Most people know him well. He is the most popular online teacher in our country.

What is the meaning of the "Two-Minute Rule"? The Two-Minute Rule means that tasks that take two minutes or less should be considered. These kinds of tasks should be done immediately. There is no need to write them down.

These tasks are recorded in a notebook or diary. Since it only takes two minutes, it should be completed in just two minutes. If we want to reserve 30 minutes each day, we can complete 15 tasks following the Two-Minute Rule. This video has helped me finish my small tasks faster. I can now easily start any task after following these rules. Believe me, small tasks make big things easier. Everyone, you should also try to follow these rules. That is all for today. Stay safe and take care.y. Stay safe and take care.



# Time the most powerful thing

Adil bin Forkan
Class: 8



Time is the most precious thing in our lives. And time flows like a river, time waits for none, time cannot be recovered. This is an English proverb that says, Time and tide wait for none. Time is a very important part of human life. Allah mentions its importance in many verses. In Surah Asr and Fajr, Allah says, والعصروالجر .

So, every moment is precious. If these are precious, there is no gain but only loss. Besieges that the Allah's prophet Mohammad (sm) said,

«لا تزولُ قدَما عبدٍ يومَ القيامةِ حتى يُسألَ عن أربعٍ: عن عمرِه فيما أفناهُ، وعن علمِه ما عمِلَ فيه، وعن مالِه من أينَ اكتسبَه وفيما أنفقَه، وعن جسمِه فيما أبلاهُ»

رواه الترمذي (حديث رقم 2417)، وقال: حديث حسن صحيح.

"The feet of a servant will not move on the Day of Judgment until he is asked about four things:

The value of time is discarded in the lives of many famous people. They did everything on time. They never leave today's work for tomorrow. Even many developed countries like the UK,USA, CHINA, and Canada have made great progress in since and industry due to proper use of time schedule, people like Ibn Taimiah, Ibn Qayyum said washing time is a large danger to death. A person who does not value time. He cannot achieve success in life more ever, Islam teaches time management not just about productivity but also about balancing life. Some have it, are valuing religious obligations, avoiding procrastination balancing work and family life. In conclusion, time management is an essential topic of Islam, and we can also take lessons from the verses of Surah Al Munafiqun

That's all with this conclude my writing. May Allah bless us with the wisdom to use our time wisely and attain success.

ইসলামের প্রথম খলিফা

# আবু বকর (রা.)

আব্দুল আলীম
শ্রেণী : ৮ম

নাম ও বংশ পরিচয়: আব্দুল্লাহ ইবনে কুহাফা (উসমান) ইবনে আমির কাব ইবনে সাদ ইবনে তাইম ইবনে কাব ইবনে লুই ইবনে গালেব আল কুরাইশি ও আওয়ামী রা.। তার বংশ মুররা ইবনে কাব নবী সা. এর ষষ্ঠ দাদার সাথে মিলে গেছে। তার মাতার নাম সালমা বিনতে স্বখর ইবনে আমের। যার কুনিয়াত ছিল উম্মুল খাইর। মা বাবার চাচাতো বোন ছিল।

উপনাম ও উপাধি : উপনাম আবু বকর এবং উপাধি সিদ্দিক মেরাজের ঘটনা দ্বিধাদ্বন্দ্বে বিশ্বাস করায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সিদ্দিক তথা মহা সত্যবাদী গুনে ভূষিত করেন।

জন্মগ্রহণ : তিনি মক্কায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্মের প্রায় দুই বছর ৬ মাস পরে জন্মগ্রহণ করেন এবং সেখানে প্রতিপালিত হন। ইসলাম কবুল ও যুদ্ধে অংশগ্রহণ : তিনি বয়স্ক পুরুষদের মধ্যে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন আর অন্যদের চেয়ে তার ইসলাম গ্রহণ ছিল ইসলাম ও মুসলিমদের জন্য বড় উপকারী কারণ তারা। কারণ তার দাওয়াতে ছিল তার ভালো প্রচেষ্টা সমাজে ছিল উঁচু অবস্থান। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সমস্ত যুদ্ধে অংশগ্রহণ করেন।
চারিত্রিক গুণাবলী : তিনি ছিলেন বেশি বেশি দোয়াকারি, নরম অন্তরের অধিকারী, কঠিন লজ্জাশীল অধিক ধার্মিক ছিলেন, আর মর্যাদা ও চরিত্রে ছিলেন অনন্যা। তিনি কখনো মূর্তি পূজা করেনি এবং সর্বদা উত্তম চরিত্রের অধিকারী ছিলেন। ইবনুল যাও জী বলেন, জেনে রাখো আবু বকর রাদিয়াল্লাহু আনহু এর চরিত্র ছিল সকলের জানা। যেমন, আল্লাহ ভিরতা, ভয়, দুনিয়াবিরাগী, ক্রন্দনকারী ও বিনয়। তিনি মহল্লার মানুষের ছাগল দুম্বা দোহন করতেন । তিনি খলিফা নির্বাচিত হওয়ার পর বাজারের দিকে যাওয়ার সময় মহল্লার একজন মেয়ে বলল, এখন তো তিনি আর আমাদের ছাগল দুম্বা দোহন করে দিবেন না। তিনি বলেন, বরং আমি অবশ্যই তোমাদে র দোহন কাজ চালিয়ে যাব। আমি আশা করি খেলাফতের আসন আমার কোন পরিবর্তন করতে পারবে না। সুবহানাল্লাহ।



আবু বকর রাদিয়াল্লাহু আনহু এর শ্রেষ্ঠত্ব : ১. সর্বপ্রথম ইসলাম গ্রহণকারী ২. সর্বপ্রথম কোরআন একত্রকারী ৩.সর্বপ্রথম কোরআনকে মুসহাফ নামকরণকারী ৪.সর্বপ্রথম খলিফা ৫.সর্বপ্রথম বায়তুল মাল গঠন করেন ৬.সর্বপ্রথম আতিক উপাধিতে ভূষিত হন আবু বকর রাদিয়াল্লাহু আনহু এর শাহাদাত বরণ: আবু বকর রাদিয়াল্লাহু আনহু ঠান্ডার দিনে গোসল করার কারণে কঠিন ঝরে আক্রান্ত হয়। দীর্ঘ ১৫ দিন বাড়িতে অসুস্থ হয়ে থাকেন। এমন কিছু সালাত আদায়ের জন্য মসজিদ আসতে অপারগ হয়ে পড়েন। এ সময় তিনি ওমর রাদিয়াল্লাহু আনহু কে সালাতের ইমামতি করা নির্দেশ দেন। সকলে তার বাড়িতে গিয়ে তাকে জিয়ারত করতে থাকেন। আর ওসমান রাদিয়াল্লাহু আনহু সমস্ত সময় তার সাথে অবস্থান করেন। আবু বকর রাদিয়াল্লাহু আনহু ২ বছর ৩ মাস ২২ দিন খেলাফতের দায়িত্ব পালন করেন। ১৩ হিজরে জমাদিউস সানি মাসে মৃত্যুবরণ করেন। সে সময় তার বয়স হয়েছিল ৬৩ বছর।

# The 4 Oldest Universities In The Muslim World

Sojib Ahmed
Class : 8

## Al-Azhar University, Egypt

The university was founded in 977.

It is located in Cairo, Egypt. It is also one of the oldest Islamic universities in the world. Al-Azhar is famous for Islamic law, theology and Arabic literature. Over time, it included modern subjects such as science, medicine and engineering. It has educated many scholars and leaders around the world. Today, it combines traditional Islamic education with modern studies.


Al-Azhar University, Egypt


Al-Qarawiyyin University

## Al-Qarawiyyin University

The university is located in Fes, Morocco. It is an Islamic university. According to UNESCO and the Guinness World Records, it's one of the oldest university in the world and the first university on Earth. It was established by Fatima Al-Fihri in 859. Later, in 1963, the university became a modern national university. At first, the Quran, Islamic law, mathematics, astronomy and natural philosophy were taught. Currently, It is integrated with modern education.

## Al-Mustansiriya Madrasa

Al-Mustansiriya was founded in 1227 by Al-Mustansir in Iraq. It was a important Islamic educational center. Where Fiqh, the Quran and Hadith and science were thought. It played an important role in the development of Islamic education and became a symbol of Baghbad's historical glory.


Al-Mustansiriya Madrasa



## Nizamiyya University

Located in Baghdad, Iraq.This Islamic university was founded in 1065 by Nizam Al-Mulk.The university was known for its high-quality education and attracted scholars from all over the Muslim world.It taught subjects like Islamic law, theology, literature and science. The university produced many prominent scholars, including Al-Ghazali, who taught there in 1091.



# আব্বাসীয় খলিফা সাইফুদ্দিন কুতুয

আবু সায়েম

আল্লাহ তায়ালা পৃথিবীর বুকে হাজারো পেশার মানুষের আবির্ভাব ঘটিয়েছেন। কেউ শাষক কেউ বিদ্বান কেউবা মুজতাহিদ। এভাবে ইত্যাদি পেশার সমাবেশ আমাদের এই সমাজে। তার মধ্যে বক্ষমান যার উপর প্রবন্ধে প্রয়াস পাব শাষক ও বিদ্বান সম্পর্কে। শাষক যার একটি সাম্রাজ্যের পূর্ণ দায়িত্ব ন্যস্ত। তার অন্যতম সাইফুদ্দিন কুতুয (র)। যিনি মামলুক সালতানাতের ২য় সুলতান। তবে সাধারন কোনো সুলতান নন। তিনি মূলত মামলুক নন। বরং রাজপ্রাসাদের পরিবেশে বেড়ে উঠা ছোট্ট এক শিশু। কিন্তু নরপিশাচ, অনৈতিক নেতা চেঙ্গীস খানের আগ্রাসনে তার রাজপুত্র জীবনের অবসান ঘটল। তখন অন্য বাচ্চাদের সহ তাকে মামলুক হিসাবে নিয়ে গেল তাতার বাহিনী। পরবর্তীতে বাগদাদের বাজারে সাইফুদ্দিনকে বিক্রয় করা হয় দাস বা মামলুক হিসাবে। সেই সময়ে আইয়ুবী সাম্রাজ্যের কেও তাকে ক্রয় করে নেন। এরপর মামলুকদের সাথে তার জীবনের পাতা উলটাতে থাকেন। যেহেতু ছোটতে রাজপ্রাসাদে অবস্থান করেছিলেন তাই সহজেই সবার চেয়ে ভালো হিসাবে আত্মপ্রকাশ করলেন। এমনকি নেতৃত্ব দেওয়ার যোগ্যতা চলে আসে তাঁর মধ্যে।

একসময় হয়ে ওঠেন ইযুদ্দিন আইবেকে তনি প্রধান সেনাপতি। রাজনৈতিক কারণে ইযুদ্দিন আইবেককে হত্যা করা হলে তিনি সুলতান হিসাবে আবির্ভূত হন। বাতিলের সাথে আপোসহীন এবং অন্যায়ের বিরুদ্ধে হুংকার এই সাইফুদ্দিন কুতুব (র)। তখন সাম্রাজ্যের চারিদিকে বিপদের ঘনঘটা। সাম্রাজ্য ধ্বসে যাওয়ার ত্রাস ছড়িয়ে পড়েছিল চারদিক । প্রথমে মামলুকদের মধ্যে বিদ্যমান অনৈক্য অপসারন করে ঐক্যকে ফিরিয়ে আনেন। রাষ্ট্রের অর্থনৈতিক অবস্থাকে শূন্যের কৌটা থেকে ভারসাম্য করেন। সাম্রাজ্যের নৈরাজ্যকে কঠিন ভাবে দমন করেন। তার মূল অবদান যেটা চিরস্মরণীয়। তিনি তাতার পরাশক্তির বিরুদ্ধে আইন জালুত প্রান্তরে বিজয় ছিনিয়ে আনেন। শুধু এটা নয় বরং নাবলুস যুদ্ধ, গাজা যুদ্ধ, বায়সান যুদ্ধ। যেগুলো মুসলিমদেরকে আলোর পথ দেখিয়েছে। তাঁর সময়কাল দেখলে মনে হয় কিভাবে এতগুলো এতগুলো যুদ্ধে জয় লাভ করা সম্ভব! আশ্চার্য হতে হয়। কিন্তু সময়কাল মাত্র ১১ মাস ১৭ দিন ছিল। এই মুষ্টিমেয় সময়ে তুলনীয় অবদান রেখে গেছেন।

পরিশেষে, বর্তমানে নারীরা কি সাইফুদ্দিন কুতুযের মতো সন্তান জন্ম দিতে অক্ষম হয়েছে?

এখানে আরেকজন আলেমের কথা বলি। সাইফুদ্দিন কুতুবের, কিছুকাল পূর্বে এক মহান আলেমের আগমন ঘটেছিল। যিনি সর্বদা বাতিলের সাথে আপসহীন, অন্যায়ের বিরুদ্ধে ফাতওয়া দিয়েছেন। মৃত্যুর চিন্তা কখনো তাকে তার মত থেকে বিরত রাখতে পারেনি। সেই বিদ্বান হচ্ছে ইয বিন আবদুস সালাম। তিনি প্রথনে দামেশকের প্রধান মুফতি ও পরবর্তীতে মিশরের প্রধান মুফতি পদে অধিষ্ঠিত হন। ইবনু দাকীক আল ইদ তাকে সুলানুল উলামা উপাধিতে ভূষিত করেন।

এ তিঁনি এমন এমন ফতওয়া দিয়েছেন যেটা শাষককে সঠিক পথে চলতে সাহায্য করেছে। পরিশেষে, আল্লাহ যেন শাষক ও আলেমের দ্বারা পৃথিবীতে ন্যায় প্রতিষ্ঠা করেন। আমীন

# সাতাইশ ফেব্রুয়ারি ২০০২

আব্দুল্লাহ
৮ম শ্রেণি

শীতের সকাল, পুরো শহর কুয়াশার চাদরে আবৃত। এই দুনিয়া তো আর এই চাদর জড়িয়ে অলস ভঙ্গিতে সারাটা দিন কাটিয়ে দিতে পারে না। তাই দিনমণি ব্যাম কোলে বসে উঁকিঝুকি দিতে লাগলো ইলার বুকে। ফলে কোহেলিকার চাদর কিছুটা হালকা হয়ে আসলো। সময় বসে রইল না, বয়ে যেতে লাগলো আসল তনগতিতে। প্রভাকরটাও সময়ের সাথে মুতানাফাসা করে কিছুটা উপরে উঠে আসলো। এবারে সে কুয়াশার চাদর সম্পূর্ণ বিদীর্ণ করে পৌঁছে গেল ধরিত্রী-বক্ষস্থলে। এরকম মুহূর্তে অযোধ্যা রেল স্টেশন থেকে ছেড়ে আসা সারারমতি এক্সপ্রেস ট্রেনটি প্রায় ১৭০০ যাত্রী নিয়ে হাজির হলো আহমেদাবাদের গোদরা স্টেশনে। ঘড়ির কাঁটা তখন নির্দেশ করছে ৭টা ৪৩ মিনিট। ট্রেনের অধিকাংশ যাত্রীই ছিল তীর্থযাত্রী, তারা অযোধ্যায় করসেবক কর্তৃক আয়োজিত অনুষ্ঠান থেকে ফিরছিল। রেলওয়ে প্ল্যাটফর্মে S6 বগির যাত্রী এবং ফেরিওয়ালার মধ্যে কলহের সৃষ্টি হয়, যা আস্তে আস্তে হিংস্রতার দিকে মোড় নেয়।

এরই মধ্যে কোনো এক অজ্ঞাত কারণে ট্রেনের চারটি বগিতে আগুন ধরে যায়। বহু লোক ট্রেনের ভিতরে আটকা পড়ে। ফলস্বরূপ আগুনে দগ্ধ হয়ে মারা যায় ৫৯ জন—যাদের ৫৮ জন ছিল যাত্রী এবং একজন ফায়ার ফাইটার। আর ঘোরতরভাবে আহত হয় ৪৮ জন। এ ঘটনাকে মুহূর্তের মধ্যেই ছড়িয়ে দেওয়া হয় এই বলে যে মুসলিমরাই ট্রেনে আগুন দিয়েছে। মুসলিমদের বিরুদ্ধে সহিংসতা উস্কে দেওয়ার দরুন একটি বিবৃতিতে বলা হয়, ট্রেনে অগ্নিসংযোগের কাজটা করেছে পাকিস্তানি এজেন্টরা এবং তাদের সহযোগিতায় ছিল স্থানীয় মুসলিমরা। স্থানীয় কিছু মিডিয়াতে রটানো হয়, মুসলমানরা হিন্দু মহিলাদের অপহরণ করেছে এবং তাদের পরিণত করেছে নফসের ভোগ সামগ্রীতে। ফলে রাজ্যজুড়ে হিন্দু জনতা বিক্ষুব্ধ হয়ে ওঠে।

বিশ্ব হিন্দু পরিষদ (ভি.এইচ.পি.) ট্রেনের অগ্নিসংযোগের ঘটনাকে অজুহাত করে রাজ্যব্যাপী ধর্মঘটের ডাক দেয়। ধর্মঘট হলো সকলে একমত হয়ে কোনো কাজ করার বা না করার ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ হওয়া। তদানীন্তন গুজরাটের মুখ্যমন্ত্রী ছিল এক কসাই। তিনি ট্রেন অগ্নিকাণ্ডের ঘটনা থেকে রাজনৈতিক ফায়দা লুটতে হাতে তুলে নেন মুসলিম বিরোধী এক মিশন। তার সাথে যোগ দেন বিজেপি সভাপতি রানা রাজেন্দ্র সিং। তারা ধর্মঘটকে সমর্থন করে এবং মুসলিমদের ঘিরে বিভিন্ন উত্তেজক শব্দ ব্যবহার করে। ফলে পরিস্থিতি আরো ভয়াবহ রূপ ধারণ করে। হিন্দু জনতা যায় সহিংসতার সর্বোচ্চ শিখরে। ট্রেনে অগ্নিকাণ্ডের পরের দিন, ২৮ ফেব্রুয়ারি থেকে মুসলিমদের ওপর বয়ে যেতে লাগলো স্টিম রোলার। মুসলিম বাড়িগুলোর ওপর চললো তাণ্ডবলীলা, অথচ পাশের হিন্দু বাড়িগুলো রইলো অক্ষত। মুসলমানদের উপর বয়ে গেল সাইক্লোন। পুলিশ বাহিনী আত্মরক্ষার নাম করে বুলেট ছুঁড়লো, ফলে হতাহত হলো অসংখ্য মানুষ। হিন্দুত্ববাদীদের অপবিত্র ছোঁয়ায় সতীত্ব হারাল শত শত মা-বোন। এরপর তাদেরকে গ্রিলের নেই ঝলসিয়ে অত্যন্ত নৃশংসভাবে বধ করা হলো। হিন্দুত্ববাদীদের এই নরপিশাচদের পৈশাচিকতা থেকে রক্ষা পেল না পদ্মফুলের কলির ন্যায় ফুটফুটে নবজাতক শিশুরাও। বাচ্চাগুলোর উপর পেট্রোল ঢেলে জ্বালিয়ে দেওয়া হলো রাস্তায় পড়ে থাকা খড়কুটার ন্যায়। গায়ে কাঁটা দিয়ে উঠছে না তো? নরকের পিশাচ হিন্দুত্ববাদীদের নৃশংসতা এমন পর্যায়ে পৌঁছেছিল যে গর্ভবতী নারীকেও অগ্নিকুণ্ডে নিক্ষেপ করতে তাদের হাত একটুও কাঁপেনি। গর্ভবতী মহিলার পেট চিরে ভ্রূণ বের করে ত্রিশূলের মাথায় গেঁথে আনন্দ মিছিল করতে এবারে হিন্দুত্ববাদীরা বেরিয়ে আসে মানব খোলস ছেড়ে দানবের বেশে—অমানুষ হয়ে।

সাতাইশ ফেব্রুয়ারি ২০০২

এ সময়ে নির্বাচনে এক কসাইয়ের অন্যতম প্রতিদ্বন্দ্বী এহসান জাফরী নিজের ভবনে আশ্রয় নিয়েছিলেন কিছু মুসলিমসহ। ফলে তার ভবন ঘেরাও করে ফেলে রক্ত নেশায় উন্মত্ত কয়েক হাজার হিন্দু জনতা। আক্রান্ত মুসলিমরা পুলিশে ফোন করলে, অভ্যাসমতো বলা হয়, "তোমাদের রক্ষা করার জন্য ঈশ্বরের কাছে কোনো অর্ডার নেই।" ফলে মুসলিমরা পড়ে যায় এক অসহায় অবস্থায়। এবারে এহসান জাফরী তার গৃহ থেকে বের হয়ে আসেন। সেদিন হিন্দুত্ববাদীরা এতটাই নির্মম হয়েছিল যে তারা এহসান জাফরীর হাত-পা কেটে নেয়। তার মৃতদেহ ঘুরিয়ে রাস্তায় রাস্তায় টেনে নিয়ে যায়। পরিশেষে তার শরীরকে নিক্ষেপ করা হয় আগুনের লেলিহান শিখায়। অপরদিকে যারা এক কসাইয়ের প্রতিদ্বন্দ্বী এহসান জাফরীর ভবনকে নিরাপদ ভেবে আশ্রয় নিয়েছিল, তাদের কপালে জুটলো এক তরুণ পরিণতি। তাদের কেউ পরিণত হয়েছিল তরবারির ধারায়, আবার কেউ পরিণত হয়েছিল আগুনের জ্বালানিতে।

এভাবেই আমাদের সামনে উন্মুক্ত হয়েছিল কালো মুখোশের আড়ালে লুকিয়ে থাকা হিন্দুত্ববাদীদের আসল চেহারা। প্রায় ২০০০ মানুষ জীবনের অন্তিম প্ল্যাটফর্ম ছাড়িয়ে পাড়ি জমায় এক না ফেরার দেশে। রাতের ব্যবধানে বস্ত্রহারা হয় ৯৮,০০০ মানুষ। ওরা কি আদৌ মানুষ? নাকি মানুষরূপী অমানুষ? নিজের বিবেককে আস্তাকুঁড়ে নিক্ষেপ করে 'ওয়াশিংটন পোস্ট'-এ দেওয়া এক সাক্ষাৎকারে এক কসাই বলেছিল, "আমি কোনো ভুল করিনি, আমি মানবাধিকার রক্ষার প্রতি প্রতিজ্ঞাবদ্ধ।" কিন্তু সেদিন সে কোন মানবাধিকারের কথা বলেছিল, তার সাংবাদিক কিংবা বিবেকবান কেউই বুঝতে পারেনি। হয়তোবা নতুন করে লিখতে হবে মানবাধিকারের সংজ্ঞা। পূর্ব পরিকল্পিত এ গণহত্যা শেষ হবার পর গুজরাট গণহত্যা সম্পর্কে তাকে প্রশ্ন করা হলো। সে বলেছিল, এ ব্যাপারে তার কোনো দুঃখ কিংবা অপরাধবোধ নেই। তাইতো মুসলিমদের রক্তে রঞ্জিত, নৃশংস এক কসাইকে আজও ডাকা হয় "গুজরাটের কসাই" নামে।

হ্যাঁ ভাইয়েরা, আমার এই দৃশ্য শুধু গুজরাটের নয়, এই দৃশ্য আজ দৃশ্যমান হচ্ছে ভারতের প্রতিটি অঙ্গরাজ্যে। হে বীরের দল, আপনাদের কানে কি আজ পৌঁছায় না সেইসব নির্যাতিত, নিপীড়িত মানুষগুলোর আর্তনাদ? আপনার কানে কি পৌঁছায় না শত শত মা-বোনদের আকাশ-বাতাস ভারী করে তোলা আহাজারি? তবু আপনি কিভাবে নিশ্চিন্ত মনে শুয়ে আছেন ঘুমের ঘোরে? এই ঘুম কি আজও ভাঙবার নয়? এ ঘুম কি সেদিন কাটবে, যেদিন আপনার ঘরের দুয়ারে কড়া নাড়বে নৃশংসতার ধারক-বাহকরা? কিন্তু সেদিনটি যে আর বেশি দূরে নয়। পরিশেষে আমি বিদায় নিচ্ছি, তবে রেখে যাচ্ছি ভাবনার একগুচ্ছ খোরাক।



# অজান্তেই ইন্ডিয়ার বর্ডারে একদিন

মারুফ হাসান
শ্রেণী : ৮ম

পরীক্ষার পর দু'দিনের ছুটিতে বাসায় যাওয়ার মত আগ্রহ নেই। কয়েকজন বন্ধু সিদ্ধান্ত নিলাম। রাজশাহী জাদুঘর ও পদ্মার ঐ পারের গ্রাম থেকে ঘুরে আসা যাক। সাথে পানিতে টুইটম্বুর নদীতেও সাঁতার কাটা হবে। আমাদের সাথে একজন স্যারকেও নিয়ে যাব। ঘুরতে যাওয়ার এই তুমুল আগ্রহটা আমাদের মাঝে ছড়িয়ে পড়েছে। দেখে মনে হচ্ছে পুরো চেহারা জুড়ে এক অন্যরকম আনন্দ বাসা বেধেছে। এমন আনন্দে ডুবে থেকেই সকাল করলাম। সকাল ১০ টায় রওনা হওয়ার কথা ছিল। কিন্তু, বাঙালি টাইম (অর্থাৎ নির্ধারিত সময় থেকে ১ / ১:৩০ ঘন্টা দেরি করা) অনুযায়ী ১১ টার সময় রওনা হলাম। স্যার আমাদের জন্য অপেক্ষা করতে করতে আগেই চলে গেছেন। আমরা গাড়িকে উঠে বসলাম। বাতাসের তালে দোল খেতে খেতে নিমিষেই গাড়িটি আমাদের জাদুঘরের গেটে নামিয়ে দিলো। কিছুক্ষন অপেক্ষা করতেই স্যার এসে আমাদের নিয়ে ভিতরে প্রবেশ করেন।

প্রথম গ্যালারী দেখেই আশ্চর্য অনুভব করলাম। হটাৎ নিজেকে হারিয়ে ফেললাম কোন এক গভীর চিন্তার মাঝে। কতই না সুন্দর! বাংলাদেশের ঐতিহ্য। এই ভাবে যতই গ্যালারী অতিক্রম করছি ততই আশ্চর্য হচ্ছি। বিশেষভাবে পাথরের গায়ে করা নিখুঁত কারুকাজ, তালের পাতায় দোয়াত কালির হস্তলিপি, ঐতিহ্যবাহী মুসলিম নেতাদের কিছু ছবি, সম্পূর্ণ কুরআনের হস্তলিপি, তাছাড়াও পাথরে খোদাইকৃত বাংলা ও আরবী লিপি। এগুলো দেখে আরো বেশি বিস্মিত হলাম। সেখানকার মনোরম পরিবেশ ও আবহাওয়া সবকিছু মিলে বেড়াতে যাওয়ার যে আগ্রহ ছিল তা অনেকখানি পূরণ হয়ে গেল। সেখান থেকে বের হয়ে দুপুরের খাওয়া-দাওয়া শেষে পদ্মার উদ্দেশ্যে রওনা হলাম।

পদ্মার কাছাকাছি যেতেই মাঝিদের ডাকাডাকি। ভাই এদিকে আসেন কম করে রাখব। একজন মাঝির সাথে পদ্মার ঐ পারের গ্রাম থেকে ঘুরিয়ে নিয়ে আসার চুক্তি করে নৌকায় উঠে বসলাম। বর্ষাকালে ভরপুর নদীতে নৌকা চাইলেও নিজ গতিতে চলতে সক্ষম হচ্ছে না। ঢেওয়ের তালে তলিয়ে যেতে যেতে আবার মাথা চেড়ে উঠছে। মাঝি বার বার নৌকার লক্ষ্য স্থীর রাখার চেষ্টা করছে। দেখতে দেখতে নদীর মাঝামাঝি পৌঁছে গেলাম। অন্যরকম এক অনুভূতি। যেদিকে দৃষ্টি নিক্ষেপ করি সেদিকেই পানি। কোথায় অবস্থান করছি আমরা এ ! নিঃসন্দেহে এই নদী আল্লাহর এক অপরূপ সৃষ্টি ও বিশেষ নিয়ামত।







হটাৎ এক আতঙ্কিত কণ্ঠস্বর ভেসে আসায় সংবিৎ ফিরে পেলাম। মাঝি আতঙ্কিত হয়ে বলে উঠলো। সাবধান! সবাই বসে পড়ুন। আমরা বাংলাদেশের বর্ডার ক্রস করে ভারতের সীমান্তে ঢুকে পড়েছি। এখন 'BSF' ডাক দিলে আপনাদের কৈফিয়ত দিতে হবে। আপনাদের কথায় আমি এই পথে এসেছি। তাছাড়া আপনারা যেখানে যেতে চাচ্ছেন সেখানে যাওয়ার জন্য ভারতের সীমান্ত দিয়েই যেতে হবে।

কেউ ফটো তুলছিল ,কেউ দাঁড়িয়ে ছিল। আতঙ্কিত হয়ে সবাই পড়ল। কোনো এক অপরিচিত বিষন্নতা সবার আনন্দকে ছিনিয়ে নিল। ফোনে ম্যাপ বের করে দেখলাম সত্যিই আমরা ভারত সীমান্তের এক কর্নারে ঢুকে পড়েছি। সবাই ভীত হয়ে বসে রইলো এই যেন BSF ডাক দিল! আলহামদুলিল্লাহ। কিছুক্ষণের মধ্যেই নৌকা ঐ কর্নার ভেদ করে আবারো বাংলাদেশে প্রবেশ করল। নৌকা থেকে নামতে নামতে সকলের চেহারায় আনন্দ ছড়িয়ে পড়ল। গোসলের জন্য প্রস্তুত হয়ে বেশ কয়েকজন নদীতে ঝাপ দিলাম। ঠাণ্ডা পানির স্পর্শে শিহরিত হল সবার শরীর। অতুলনীয় এক অনুভূতি অর্জন করতে করতে বেশ কিছুক্ষণ এদিক-ওদিক সাঁতার কাটার পর উঠে আসলাম। স্যারও আমাদের সাথে সাঁতারে অংশ নিইয়েছিল। তিনি কয়েকজনকে সাঁতার শেখাচ্ছিলেন। সব মিলিয়ে সাঁতারের অভিজ্ঞতাটা স্মরণীয় হয়ে থেকে গেলো। কাপড় চেঞ্জ করে, ফ্রেশ হয়ে গ্রাম ঘুরার উদ্দেশ্যে রওনা হলাম। ঘুরতে ঘুরতে 'BGB Camp'এ পৌছালাম। সেখানে সৈনিকদের সাথে বেশ কিছুক্ষণ আলাপাচারিতা করে ফিরে আসলাম নদীর তীরে। বিদায়ী ফটো তুলে নৌকায় উঠে বসলাম। আগমনের পথ দিয়েই ফিরে আসার উদ্দেশ্যে রওনা হলাম।'BSF' এর উপস্থিতিতে সেদিক দিয়ে যেতে খুব ভয় হচ্ছিল। কারন, তাদের নির্যাতন ও নিপিড়ন সম্পর্কে সবারই জানা আছে। প্রতিবেশি রাষ্ট্র হওয়া সত্ত্বেও বাংলাদেশীদের প্রতি তাদের নির্যাতনের কোন সীমা নেই। তবুও মাঝি সে দিক দিয়েই নৌকা ছুটালো।

কিছুদূর যাওয়ার পর কয়েকজন বাঙ্গালীর নিষেধাজ্ঞায় নৌকা ঘুরাতে বাধ্য হল মাঝি। উল্টা পথে ফিরে যেতে আরও ১ঘন্টা সময় লাগবে। নৌকায় উঠার পর থেকে ভীষণ বিষণ্ণতা কাজ করছিল। এখন তা অনেক খানি কেটে গেছে। ভরপুর নদীর উথাল -পাথাল ঢেউ আর অপরূপ সৌন্দর্য অনুভব করতে করতে তীরে এসে পৌঁছালাম। সেখান থেকে এক রেস্টুরেন্টে ডিনার শেষে সোজা জামিয়ার উদ্দেশ্যে যাত্রা শুরু করলাম। কিছুক্ষণের মধ্যেই পৌঁছে গেলাম আমাদের প্রিয় প্রতিষ্ঠান 'আল জামিয়া আস সালাফিয়া'তে।



# তাদের সমালোচনা

মোরসালিন

এই বসুধায় এমনও মানবের ঘটেছে আগমন
অন্যের ভালো দেখতে পারে না যাদের নয়ন ।
কোন কাজের দৃঢ় সংকল্প জাগলে হৃদয়ে
তাদের সমালোচনা নিয়ে থাকি সদা ভয়ে ।
সমালোচনার ভয় স্বপ্নকে দেয় চিত্তে পিষে
নব সপ্ন জাগে না মনে, যায় চিরতরে মিশে।
চুপিস্বরে মোর হৃদয় করে অতিশয় ক্রন্দন
দিই না বুঝতে কাউকে চেপে রাখি সে বেদন
যদি শুধু এ কবার ব্যর্থ হই কোনো কাজে
তবে চারিদিকে সমালোচনার ডঙ্কা বাজে।
সে কাজে যেতে পারি না আমি পুনর্বার
পরিস্থিতির কাছে শির নত করি মানি হার।

তারা সমালোচনার চিঠি প্রচার করে দ্বারে দ্বারে
সবার সম্মুখে আমায় কথা দ্বারা মারে ।
সমালোচনা করতে তাদের করি শতবার বারণ
সমালোচনা করেই যায়,কথা করে নাকো শ্রবণ
অন্যের স্বপ্নকে পিষে করছে মহা অন্যায়
তাদের উপমা হলো কুকুরের লেঁজের ন্যায়
মনে মনে বলি আমি নিজেকে মহাবীর
তবু তাদের সমালোচনা নত করে দেয় মোর শীর।
অন্যের ভাল দেখে তাদের কায় কেন এত জ্বলে ?
মোর শত স্বপ্ন তারা দেয় পিষে পদতলে ।
সামনে অগ্রসর হতে চায় না মোর চরণ
মন সদা বলে আমায় করতে পশ্চাৎ গমন ।
তারা সব পথে ফেলে রেখেছে কাঁটা
তাদের জন্য কোনো পথ পথে যাচ্ছে নাকো হাঁটা
তাদের অবস্থা কি চিরদিন এমনই রবে?
তাদের এই অন্যায়ের বিচার হবে কবে?





# বন্ধু

সৈয়দ রাসেল

আমার উপর তোমার অনেক হিংসা বিদ্বেষ
জানো তুমি? আগামীতে তুমিও হবে নিঃশেষ
ভুল বুঝে যে অপরাধে করলে আমায় দোষী
আজ তুমি সেই অপরাধের শশী
চাইনা তবুও হয় দেখা তোমায়
জগত বারবার মিলিয়ে দেয় তোমাতে আমায়
মনে হাজারো রাগ অভিযোগ নিয়ে তোমায় খুঁজি
তাহলে তুমি আমার সেই বন্ধু বুঝি
বহুদিন কথা না হলেও কথা বল চোখে
কিভাবে বল ভুলি আমি তোমাকে
তাইতো সম্পর্কে ঘটালাম বিচ্ছেদ
হে আমার প্রিয় বন্ধু প্রচ্ছেদ

# ইলম ইস্ফিয়ার

সাদি মোহাম্মাদ
হিফজ বিভাগ




অবসর সময়ে বই পড়ো
আলোকিত তুমি জিবন গড়ো।

ইলম ইস্ফিয়ারে যোগ দাও
নতুন করে তুমি হাতে বই তুলে নাও।

আমিও এসেছি বই পড়তে
সুন্দর একটা জীবন গড়তে।
মনের মাঝে চলছে বিগ্রহ
বেড়ে চলেছে বই পড়ার আগ্রহ

ইলম ইস্ফিয়ারের সদস্য হতে চাই আমি
আমাকে গ্রহণ করে নেবে কী তুমি?

# About Intention

Md. Eadul Hoque

الحمد لله رب العالمين، قيوم السماوات والارضين، مدبر الخلائق أجمعين ، صلاوات الله و سلامه علي الأنبياء و المرسلين و علي أله و صحبه أجمعين.

عن أمير المؤمنين أبي حفص عمر بن الخطاب رضي الله عنه قال: سمعت رسول الله صلي الله عليه و سلم يقول :

إنما الاعمال بالنيات و إنما لكل امرئ ما نوي، فمن كانت

هجرته إلي الله و رسوله فهجرته إلي الله و رسوله. ومن كانت هجرته لدنيا يصيبها او امرأة ينكحها فهجرته أي ما هاجر اليه. رواه البخاري و مسلم.

Translation :- It was narrated from the leader of Muslims, Abu Hafs Umar Ibn khattab (R.), that he heard the messenger of Allah say, Actions are judged by intentions and every person will get what he intended. Whoever migrates for Allah and his messenger, his migration is for Allah and his messenger. And whoever migration for worldly gain or to marry a woman, his migration is for that which he migrated. Imam Al-Bukhary and Imam Muslim described it. Many Imams have given many speeches about this hadith.

1. Ibn Hazar said, "Indeed, this hadith is a great fundamental principle among the fundamental principles of Islam. The scholars agree on the dignity and many benefits of this hadith". He also said, إنه احد الاحاديث التي يدور عليها الإسلام. (فتح البخاري)

It is one of the hadiths by which Islam is judged.

2. Imam Ahmad Ibn Hambal (R.) said,

أصول الإسلام علي ثلاثة أحاديث، حديث: "إنما الأعمال بالنيات" حديث : "من أحدث في أمرنا هذا ما ليس منه فهو رظ" و حديث : الحلال بين والحرام بين.

The fundamental principles of Islam are based on three hadiths.

a. Actions are judged by intention. b. Whoever introduces into our religion something that is not part of it will be rejected. c. Halal and haram are clear.

3.Imam Ibn Taymiyyah said,

إنما الأعمال بالنيات، فالحلال يصير عبادة بالنية. والعبادة تصير عادة بعدمها .

(المجموع الفتاوي) Actions are judged by intention. A halal action becomes an act of worship for intention. And an act of worship becomes a habit without right intention.

4. Imam Shafi'i said,

هذا الحديث "الأعمال بالنيات" يدخل في الفقه سبعين بابا، (الرساله)

This hadith falls under seventy branches of fight.

5. Imam Nabawi( R.) said,

هذا الحديث "إنما الأعمال بالنيات" من الأحاديث التي يدور عليها الإسلام، و هو ثلث العلم. (شرح صحيح مسلم)

This hadith is one of the fundamental hadith of Islam. And one of the three divisions of knowledge.

6. Abdullah Ibn Mubarak said,

رب عمل صغير بعظمه النيه و رب عمل عظيم تصغزه النيه. (البيهقي، شعب الإيمان)

Some actions are magnified by intention and some actions are diminished by intention.

Substance: Intention is the good of all our actions. It is very important in our life, specially in acts of worship. So we pray to Allah to guide us to the right intention.

# প্রশ্নোত্তরে সর্বশেষ ইসলামী খেলাফতের পতন

ইব্রাহীম দেওয়ান ও রাশেদ ইসলাম

আমরা অবগত আছি যেঁ, ১ম বিশ্বযুদ্ধের পরে ২০২৩ সালে কামাল আতাতুর্কের হাত ধরে সর্বশেষ ইসিলামী খেলাফত উসমানী খিলাফত এর বিলোপ ঘটে। এখানে প্রশ্নোত্তরের মাধ্যমে খেলাফত কীভাবে ধ্বংস হয়েছে, কামাল আতাতুর্ক ও ১ম বিশ্বযুদ্ধের মিত্র শক্তির ভূমিকা কী ছিল সেসব জানার চেষ্টা করব।

## উসমানীয় খেলাফতের পতন ও কামাল আতাতুর্ক

১. খেলাফত কিভাবে ধ্বংস হলো?

প্রথম বিশ্বযুদ্ধের পর পরাজিত উসমানীয় সাম্রাজ্যের অঞ্চলগুলো বিভক্ত করে ফেলা হয়। পশ্চিমা শক্তির (বিশেষ করে ব্রিটিশ ও ফ্রান্স) দখল, অভ্যন্তরীণ দুর্বলতা, আর কামাল আতাতুর্কের ধর্মনিরপেক্ষ বিপ্লব খেলাফতকে ধ্বংস করে।

২. কামাল আতাতুর্কের ভূমিকা কী ছিল?

তিনি খেলাফতের বিলুপ্তি ঘটান, তুরস্ককে ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে রূপান্তর করেন, শরিয়া আইন বাতিল করেন এবং ইসলামী প্রতীকসমূহ (খিলাফত, ওলামা, পর্দা ইত্যাদি) নিষিদ্ধ করেন।

৩. তুর্কিরা তাকে কতটুকু সমর্থন দিয়েছিল?

বেশিরভাগ তরুণ ও সামরিক কর্মকর্তারা তাকে সমর্থন দিলেও গ্রামাঞ্চলে ইসলামপ্রিয় সাধারণ মানুষ এবং ধর্মভিত্তিক গোষ্ঠীগুলো বিরোধিতা করেছিল।

৪. তুর্কি মুক্তিযুদ্ধ বলতে কী বোঝায়?

প্রথম বিশ্বযুদ্ধের পরে মিত্রশক্তির দখলের বিরুদ্ধে তুর্কিদের সংগ্রাম। এটি ১৯১৯-১৯২৩ সালে ঘটে এবং কামাল আতাতুর্কের নেতৃত্বে তুরস্কের আধুনিক সীমান্ত নির্ধারিত হয়।

৫. শেখ সাঈদ বিদ্রোহ কী ছিল?

১৯২৫ সালে কুর্দি ধর্মীয় নেতা শেখ সাঈদ খেলাফতের পক্ষে কামালের ধর্মনিরপেক্ষতার বিরুদ্ধে বিদ্রোহ করেন। এই বিদ্রোহ দমন করা হয়, এবং এটি ইসলামী প্রতিরোধের অন্যতম চিহ্ন ছিল।

৬. তুর্কি যুদ্ধ নিয়ে বিস্তারিত বলো।

এই যুদ্ধ ছিল গ্রিস, আর্মেনিয়া, ফ্রান্স ও ব্রিটিশদের বিরুদ্ধে। কামালের নেতৃত্বে জাতীয়তাবাদী তুর্কিরা পশ্চিমা শক্তিকে পরাজিত করে। এরপর লোজান চুক্তি হয়।

৭. দুটি গুরুত্বপূর্ণ চুক্তি কী কী ছিল?

১) সেভরেস চুক্তি (1920) – উসমানীয় সাম্রাজ্যকে বিভক্ত করে। ২) লোজান চুক্তি (1923) – কামালের নেতৃত্বে নতুন তুরস্ক রাষ্ট্রকে আন্তর্জাতিক স্বীকৃতি দেয়।

৮. চুক্তিগুলো কার কার সাথে হয়েছিল?

সেভরেস – মিত্রশক্তি ও উসমানীয় খেলাফতের মধ্যে। লোজান – তুর্কি জাতীয় সরকার ও পশ্চিমা শক্তির মধ্যে।

৯. কামাল আতাতুর্কের প্রথম বিশ্বযুদ্ধে কী ভূমিকা ছিল?

তিনি গালিপলি যুদ্ধক্ষেত্রে অসাধারণ নেতৃত্ব দিয়ে খ্যাতি অর্জন করেন, যা তাকে তুর্কি জাতীয় বীর বানায়।

## প্রথম বিশ্বযুদ্ধ ও খেলাফতের ভূমিকাগুলো

১০. প্রথম বিশ্বযুদ্ধে উসমানীয় খেলাফত কেন অংশ নিয়েছিল?

তারা জার্মানির পক্ষে যোগ দিয়েছিল, কারণ তারা ব্রিটিশ-রাশিয়ান-ফ্রান্স জোটের বিরুদ্ধে যুদ্ধ করতে চেয়েছিল যারা তাদের অঞ্চল হুমকির মুখে ফেলেছিল।

১১. খেলাফতের কত সৈন্য ছিল?

প্রায় ২৫ লাখ সক্রিয় ও সংরক্ষিত সৈন্য ছিল।

১২. জার্মানির কত সেনা ছিল?

প্রায় ১ কোটি ১০ লাখের মতো সেনা ছিল।

১৩. উসমানীয় সাম্রাজ্যের পতনের আগে কোন কোন অঞ্চল ছিল?

আনাতোলিয়া, সিরিয়া, ইরাক, হিজাজ, প্যালেস্টাইন, মিসর, উত্তর আফ্রিকার অংশ, বলকান অঞ্চল।

১৪. সেগুলো কেন হাতছাড়া হচ্ছিল?

জাতীয়তাবাদী বিদ্রোহ, পশ্চিমা সাম্রাজ্যবাদের আগ্রাসন, অর্থনৈতিক দুর্বলতা ও প্রযুক্তিগত পশ্চাদপদতার কারণে।

১৫. গোওঅঅন যুক্তি কী ছিল?

ধর্মনিরপেক্ষ জাতীয়তাবাদী আদর্শকে আধুনিক উন্নতির পথ হিসেবে দেখানো হতো। কামালরা ইসলামকে পশ্চাদমুখী বলে ব্যাখ্যা করতেন।

## বৃটিশ, ফরাসি, ও ইহুদি সম্পর্ক ও ষড়যন্ত্র

১৬. বৃটিশ ও ফ্রান্সের গোপন চুক্তি কী ছিল?

সাইক্স-পিকো চুক্তি (1916) – উসমানীয় সাম্রাজ্যের আরব অঞ্চলগুলো ভাগ করে নেবে ব্রিটিশ ও ফ্রান্স।

১৭. আন্তর্জাতিক প্রশাসন বলতে কাকে বোঝায়?

জেরুজালেম অঞ্চলকে তৃতীয় কোনো নিরপেক্ষ কর্তৃপক্ষ বা লিগ অব নেশনের অধীনে দেওয়ার ধারণা।

১৮. ফিলিস্তিন নিয়ে কী চুক্তি হয়েছিল?

বেলফোর ঘোষণা (1917) – বৃটিশ সরকার ইহুদিদের জন্য ফিলিস্তিনে "জাতীয় আবাসভূমি" প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেয়।

১৯. বৃটিশরা কী কী ধোঁকা দিয়েছিল?

আরবদের স্বাধীনতার আশ্বাস দিয়েছিল, আবার ইহুদিদের রাষ্ট্র গঠনের প্রতিশ্রুতিও দিয়েছিল।

২০. ইহুদিরা এমন কী অবদান রেখেছিল?

বিশ্বযুদ্ধে অর্থনৈতিক ও বৈজ্ঞানিক সহযোগিতা, যেমন – ওয়ারবার্গ ও রথসচাইল্ডদের আর্থিক প্রভাব, কিছু বিজ্ঞানীদের (Einstein) কূটনৈতিক চাপ।

২১. Rothschild পরিবার সম্পর্কে বলো।

বিশ্বের অন্যতম প্রভাবশালী ইহুদি ব্যাংকার পরিবার যারা ইউরোপে বহু দেশের রাজনীতি ও অর্থনীতিতে প্রভাব রাখে। বেলফোর ঘোষণা পেছনে তাদের লবিং গুরুত্বপূর্ণ ছিল।

২২. ইহুদিরা কিভাবে ফিলিস্তিনে আসতে শুরু করলো?

১৮৮০ সাল থেকে "জায়োনিস্ট আন্দোলন"-এর মাধ্যমে ধাপে ধাপে আসা শুরু করে। ১৯১৭ সালের পর বৃটিশ সহায়তায় বড় ঢেউ শুরু হয়।

২৩. ফিলিস্তিনিরা কি সাদরে গ্রহণ করেছিল?

প্রথমে কিছু ইহুদিকে গ্রহণ করলেও পরে ভুমি দখল, কনফ্লিক্ট ও বৃটিশ পক্ষপাত দেখে তারা বিদ্রোহ শুরু করে।

## আমেরিকা, ইসরায়েল, ও যুদ্ধনীতি

২৪. এখন আমেরিকা কেন ইসরায়েলকে এত সমর্থন দিচ্ছে?

রাজনৈতিক লবিং (AIPAC), মধ্যপ্রাচ্যে একমাত্র বিশ্বস্ত মিত্র হিসেবে, অস্ত্র বিক্রি ও তেল-নিয়ন্ত্রণের কৌশল।

২৫. মার্কিন অস্ত্র কোম্পানিগুলো কীভাবে লাভবান হয়?

ইসরায়েলকে দেওয়া সহায়তার বড় অংশই মার্কিন কোম্পানি থেকেই অস্ত্র কেনার জন্য বাধ্যতামূলক, ফলে মার্কিন কোম্পানি লাভবান হয়।

২৬. লাইভ পরীক্ষাগার বলতে কী বোঝায়?

ইসরায়েলের যুদ্ধক্ষেত্রে নতুন অস্ত্র ও প্রযুক্তি বাস্তবে প্রয়োগ করা হয়; এটি মার্কিন কোম্পানির জন্য "পরীক্ষাগার" হিসেবে কাজ করে।

২৭. লাভ বেশি কার, সরকার না কোম্পানি?

প্রাথমিকভাবে কোম্পানির লাভ বেশি, কিন্তু সরকার রাজনৈতিক প্রভাব, কূটনৈতিক নিয়ন্ত্রণ ও কর আদায়ের মাধ্যমে লাভবান হয়।

২৮. মার্কিন কোম্পানির লাভ হলে সরকারের কী লাভ?

কর আদায়, চাকরি তৈরি, রাজনৈতিক প্রভাব বৃদ্ধি, অস্ত্র রপ্তানির মাধ্যমে বৈদেশিক নিয়ন্ত্রণ।

### প্রথম বিশ্বযুদ্ধে আমেরিকার অংশগ্রহণ

২৯. প্রথম বিশ্বযুদ্ধে আমেরিকা কীভাবে যোগ দেয়?

১) জার্মান সাবমেরিনে মার্কিন জাহাজ ডোবা, ২) জিমারম্যান টেলিগ্রাম, ৩) ব্রিটিশ-ফরাসি অর্থনৈতিক ঋণ রক্ষা, ৪) গণতন্ত্র রক্ষার আদর্শ।

# আমাদের কার্যক্রম

আসাদুল্লাহ আল গালিব

খুলতে তুমি তোমার উন্নতির দুয়ার,
থাকবে সাথে তোমার ইলম স্ফিয়ার।



প্রশংসা সেই রবের তরে, যার অশেষ কৃপায় আমরা আপনাদের হাতে "ইলম- স্ফিয়ার" নামক এই ম্যাগাজিনটি হাতে দিতে পেরেছি। আর এই এর মধ্য দিয়েই আমরা আমাদের কাঙ্খিত লক্ষ্যের দিকে আরেক ধাপ এগিয়ে নিয়েছি। আমাদের এই প্লাটফর্মটি ২০২৪ সালে প্রতিষ্ঠিত হয়, আব্দুল বারী বিন সোলায়মান " ওস্তাদজির হাত ধরেই আমরা ২০২৪ খ্রিস্টাব্দ পার করি। সেইসময় আমাদের এই প্লাটফর্মটির অধীনে ছিল একটি লাইব্রেরি। তখন" ইলম-স্ফিয়ার লাইব্রেরির ছিল মাত্র ২০টি বই। বইগুলো তখন বাংলা ভাষার ছোট গল্প ও উপন্যাসের ছিলো। ২০২৫ খ্রিষ্টাকে শায়েখ আব্দুর বারী" ওস্তাদজির বিদায়ের পর আমরা চরম ভাবে ভেঙে পড়ি, বেশ কয়েকদিন বন্ধ থাকে ইলম-স্ফিয়ার এর কার্যক্রম, অতঃপর" সাইদ আল-মাহমুদ" স্যারের উৎসাহে আমরা নতুন উদ্দিপনায় শুরু করি পথচলা। এবার আমরা আর লাইব্রেরির মধ্যেই সীমাবদ্ধ থাকিনি, বরং নতুন রূপে "ইলম-স্ফিয়ারকে সাজিয়েছি। এই ছোট একটি নামের অধীনে রয়েছে পাঁচটি শাখা। যথ; ডিবেটিং ক্লাব, ম্যাগাজিন, দেয়ালিকা, লাইব্রেরি ও পাঠচক্র। আর সবচেয়ে বড় বিষয় হলো, এখন আমাদের লাইব্রেরিতে বই তিন সংখ্যায় গিয়ে দাড়িয়েছে। আর এবং বইয়ের ক্যাটাগরিতেও এসেছে নতুনত্ব।



ছাত্ররা প্রতি বৃহস্পতিবার ইসলাহুল বায়ান শেষে দায়িত্বশীলদের কাছ থেকে বই সংগ্রহ করে। এবং পরের বৃহস্পতিবার বইয়ের একটি রিডিউসহ বই জমা দেয়। এবং রিভিউ গুলো আমাদের কাছে জমা আছে।

এবছর ইলম স্ফিয়ার দুইটি বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। প্রথম বিতর্কটি রম্য বিতর্ক। প্রথম বিতর্কের প্রতিপাদ্য বিষয় ছিলো "পরীক্ষা না হলে ছাত্র জীবন হতো সুন্দর।" প্রত্যেক দলে চারজন করে বিতার্কীক ছিলো। পক্ষ এবং বিপক্ষ দলের বক্তাদের নাম ছিলো খুব মজার যেমন ঘুমে যা, পলাতক পড়ুয়া, ড. ঘুমে যা। বিপক্ষ দলের বক্তাদের নাম ছিল- টপার বয়, গোল্ডেন প্রার্থী, নাম্বার বাবু, ঘাম ঝরা রিডার। দ্বিতীয় বিতর্কটির প্রতিপাদ্য বিষয় ছিলো, "ছাত্রজীবনে বিয়ে বয়ে আনে কল্যান।' এই বিতর্কে প্রত্যেক দলে ছিলো তিনজন করে বিতার্কীক।

এবার "ইলম স্ফিয়ার" পক্ষ থেকে বাংলা, ইংরেজি, আরবী ও উর্দু মোট চারটি ভাষায় আটটি দেয়ালিকা প্রকাশ করা হয়েছে। যেগুলো আপনারা সালাফি কনফারেন্সে দেয়ালিকা গ্যালারিতে দেখতে পাবেন ইনশাআল্লাহ। এই মোটামোটি আমাদের ২০২৫ খ্রিষ্টাব্দের কার্যক্রম। আর হ্যাঁ! বলায় হয়নি। আমাদের আরেকটি কাজের কথা। আমরা এবার ইলম স্ফিয়ার এর পক্ষ থেকে এই ম্যাগাজিনটি আপনাদের হাতে তুলে দিতে পেরেছি।



# প্রিয় পাঠক,

আলহামদুলিল্লাহ! আপনার ভালোবাসা ও আগ্রহে Ilm Sphere Magazine ধীরে ধীরে একটি জ্ঞানমুখী পরিবারের রূপ নিয়েছে।
আমাদের পরবর্তী সংখ্যাটি শীঘ্রই প্রকাশিত হতে যাচ্ছে — এক নতুন বিষয়, নতুন চিন্তা ও অনুপ্রেরণার আলো নিয়ে।
এই সংখ্যায় থাকছে :-

📖 ইসলামী ইতিহাস, সমসাময়িক চিন্তা ও গবেষণামূলক প্রবন্ধ
🕌 শিক্ষাব্যবস্থা, সমাজ ও তরুণ প্রজন্ম নিয়ে বিশেষ আলোচনা
💫 সাহিত্য, অনুপ্রেরণামূলক গল্প ও এক্সক্লুসিভ সাক্ষাৎকার
✍️ আপনার লেখা, মতামত ও পরামর্শ আমন্ত্রণ করছি!

**আমাদের সম্পর্কে জানতে**
স্ক্যান করুন



আপনাদের মতামতই আমাদের অনুপ্রেরণা!
আপনি Ilm Sphere Magazine সম্পর্কে কী ভাবছেন — কোন বিষয়গুলো আপনার ভালো লাগে, কোথায় উন্নতির সুযোগ দেখছেন, কিংবা কোন বিষয়গুলো ভবিষ্যৎ সংখ্যায় দেখতে চান — জানাতে পারেন আমাদেরকে।

আপনার প্রতিটি মতামত আমাদের পরবর্তী সংখ্যাকে আরও সমৃদ্ধ করবে। ইনশাআল্লাহ

আপনার লেখা, অভিজ্ঞতা বা মতামত জন্য
📩 : ilmsphere.raj@gmail.com
📞 : +8801760162553
f : facebook.com/IlmSphere-ইলম ইস্ফিয়ার